রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১৮, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিল্প মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২ মাঘ ১৪১৩/১৫ জানুয়ারি ২০০৭

**এস, আর ও নং ০৪-আইন/২০০৭**—Standards of Weights and Measures Ordinance, 1982 (Ord. No. XII of 1982) এর section 64 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

## পরিচ্ছেদ-১

## প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা বাংলাদেশ স্টান্ডার্ড ওজন এবং পরিমাপ (পণ্য সামগ্রী মোড়কজাতকরণ) বিধিমালা, ২০০৭ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসংগের পরিপন্থি কোন কিছু না থাকিলে এই বিধিমালা—

(ক) **"অধ্যাদেশ"** অর্থ Standards of Weights and Measures Ordinance, 1982 (Ord. No. XII of 1982);

(খ) **"উৎপাদনকারী"** অর্থ কোন মোড়কজাত পণ্য-সামগ্রী উৎপাদন, তৈরী বা প্রস্তুতের সাথে সম্পর্কযুক্ত কোন ব্যক্তি বা ফার্ম বা পরিবার, এবং উক্ত পণ্য-সামগ্রীর মোড়কে চিহ্ন যুক্তকরণ বা তৈরী বা উৎপাদনের সাথে সম্পর্কযুক্ত কোন ব্যক্তি বা ফার্ম বা পরিবারও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(গ) **"খুচরা মোড়ক"** অর্থ খুচরা বিক্রয়কারী এজেন্সির মাধ্যমে বা অন্য কোন মাধ্যমে স্বতন্ত্র ব্যবহারকারীর নিকট বিক্রয়ের উদ্দেশ্যে উৎপাদন, বিতরণ, সরবরাহ, প্রদর্শনী, বা জমা করা হয় এমন পণ্য-সামগ্রী জাত মোড়ক;



মূল্য ঃ টাকা ২০·০০

(ঘ) **"খুচরা বিক্রয়"** অর্থ কোন পণ্য সামগ্রী খুচরা বিক্রয়কারী এজেন্সির মাধ্যমে বা অন্য কোন মাধ্যমে স্বতন্ত্র ব্যবহারকারীর নিকট বা অন্য যে কোন ভোক্তার নিকট বিক্রয় করা;

(ঙ) **"খুচরা বিক্রয় মূল্য"** অর্থ যে সর্বোচ্চ বিক্রয়মূল্যে মোড়কজাত পণ্য-সামগ্রী ভোক্তা সাধারণের নিকট বিক্রয় করা হয়;

(চ) **"খুচরা বিক্রয়কারী ডিলার"** অর্থ পাইকারী বিক্রয়কারী ডিলারসহ এমন বিক্রয়কারী ডিলার যে সরাসরি মোড়কজাত পণ্য সামগ্রী ভোক্তা-সাধারণের নিকট বিক্রয় করেন;

(ছ) **"পরিমাণ"** অর্থ মোড়কজাত পণ্য-সামগ্রীর ক্ষেত্রে সংশ্লিষ্ট মোড়কের ওজন-পরিমাণ বা সংখ্যা;

(জ) **"পাইকারী মোড়ক"** অর্থ খুচরা বিক্রয়কারী এজেন্সি বা অন্য কোন মধ্যস্বত্ব ভোগীর নিকট বিক্রয়ের উদ্দেশ্যে উৎপাদন, বিতরণ, সরবরাহ, প্রদর্শনী, বা জমা করা হয় এমন একাধিক খুচরা মোড়কসম্বলিত মোড়ক;

(ঝ) **"পাইকারী বিক্রয়কারী ডিলার"** অর্থ এমন ব্যক্তি বা প্রতিষ্ঠান যে মোড়কজাত পণ্য-সামগ্রী খুচরা বিক্রয়কারী ডিলার বা মধ্যস্বত্বভোগীর নিকট সরবরাহ বা বিক্রয় করেন;

(ঞ) **"পূর্ব মোড়কজাত পণ্য-সামগ্রী"** অর্থ ক্রেতার অনুপস্থিতিতে মোড়কজাতকৃত এবং অপরিবর্তনীয় প্রাকমূল্য সম্বলিত কোন বর্ণনায় পরস্পরের সহিত সম্পর্কযুক্ত এমন নির্দিষ্ট ও স্বতন্ত্র পণ্য-সামগ্রী যা মোড়কজাত করার পর খোলা হলেও তাহার নাম, পরিমাণ, প্রকৃতি, বা বৈশিষ্ট্যের পরিবর্তন হয় না;

উদাহরণ ঃ

একটি বৈদ্যুতিক বাল্ব বা ফ্লোরোসেন্ট টিউব পণ্য-সামগ্রী পরীক্ষা করার জন্য খোলা হইলেও উহা পূর্ব।

(ট) **"ব্যাচ"** অর্থ—

মোড়কজাত পণ্য-সামগ্রী বলিয়া গণ্য হইবে।

(১) একশত এর বেশি নয় এমন মোড়ক যাহা সংরক্ষণ থাকিবে এবং একশত এর বেশি কিন্তু দশ হাজারের বেশি নয় এমন মোড়কের উৎপাদন চলিবে;

(২) যেসকল মোড়কের উৎপাদন চলিতেছে বা যাহার শেষ পর্যায়ে উহার উৎপাদনের সর্বোচ্চ পরিমাণ ঘণ্টা অনুসারে নির্ধারিত হইবে;

(ঠ) **"মোড়কজাতকারী"** অর্থ এমন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান যাহারা কোন পণ্য-সামগ্রী খুচরা বা পাইকারী বিক্রয়ের উদ্দেশ্যে বোতলজাত, টিনজাত, র‍্যাপার বা অন্য কোনভাবে মোড়কজাত করিয়া থাকেন;

(ড) **"সংযুক্ত মোড়ক (combination package)"** অর্থ খুচরা বিক্রয়ের উদ্দেশ্যে প্রস্তুতকৃত বিভিন্ন জাতীয় পণ্য-সামগ্রী সম্বলিত দুই বা ততোধিক স্বতন্ত্র মোড়ক;

**উদাহরণ ঃ**

একটি সম্বিলিত মোড়কে যে সকল বিভিন্ন জাতীয় পণ্য-সামগ্রী থাকিতে পারে তাহা হলো,—চামচ, কাঁটা চামচ, ছুরি, কাপ, ন্যাপকিন বা এ জাতীয় পণ্য-সামগ্রী।

(ঢ) **"ডিলার"** অর্থ মোড়কের সহিত সম্পর্কযুক্ত এমন কোন ব্যক্তি বা ফার্ম বা পরিবার যাহারা সরাসরি বা অন্য কোনভাবে ব্যবসার সহিত যুক্ত হইয়া কমিশনের জন্য, পারিশ্রমিক বা অন্য কোন মূল্যবান প্রতিদানের বিনিময়ে বা কমিশনের এজেন্ট হিসাবে নগদ টাকায় বা বাকিতে ব্যবসা পরিচালনা করেন কিন্তু উৎপাদনকারী হিসাবে অন্তর্ভুক্ত নহেন;

(ণ) **"যুক্ত মোড়ক (group package)"** অর্থ খুচরা বিক্রয়ের উদ্দেশ্যে প্রস্তুতকৃত দুই বা ততোধিক স্বতন্ত্র মোড়ক;

**ব্যাখ্যা ঃ** সাধারণতঃ যে সকল পণ্য-সামগ্রী একই কিন্তু ওজন, পরিমাণ বা ভলিউম, এ্যাপিয়ারেন্স বা পরিমাণ ভিন্ন তবে অভিন্ন পণ্য দ্রব্য নয়।

**উদাহরণ ঃ**

(১) একটি মোড়ক যাহার মধ্যে,—

দুইটি স্পানজ-১০০ মিঃ মিঃ×৭৫ মিঃ মিঃ ×২০ মিঃ মিঃ

একটি স্পানজ-১০০ মিঃ মিঃ×১০০ মিঃ মিঃ ×৩০ মিঃ মিঃ

চারটি স্পানজ-১০০ মিঃ মিঃ×৫০ মিঃ মিঃ ×১৫ মিঃ মিঃ থাকিবে উহা যুক্ত মোড়ক;

(২) একটি মোড়কে পাঁচমিশালী পণ্য-সামগ্রী থাকিলে উহা একটি যুক্ত মোড়ক;

(৩) একটি মোড়কে একই প্রকৃতির বিভিন্ন ব্রান্ডের পণ্য থাকিলে উহা একটি যুক্ত মোড়ক;

(ত) **"রপ্তানি মোড়ক"** অর্থ রপ্তানির উদ্দেশ্যে প্রস্তুতকৃত মোড়ক;

(থ) **"সর্বোচ্চ গ্রহণযোগ্য মাত্রার ত্রুটি"** অর্থ এই বিধিমালার তফসিলে উল্লিখিত সর্বোচ্চ গ্রহণযোগ্য মাত্রার ত্রুটি যাহা নিম্নোক্ত সর্বোচ্চ পরিমাণ অতিক্রম করিবে না—

(১) তফসিল-১ এ যে প্রকৃতির পণ্য-সামগ্রীর জন্য যে পরিমাণ নির্ধারণ করিয়া দেওয়া হইয়াছে;

(২) তফসিল-১ এ যে প্রকৃতির পণ্য-সামগ্রীর বিধান নির্ধারণ করিয়া দেওয়া হয় নাই সেই পণ্য-সামগ্রীর ক্ষেত্রে তফসিল-২ এ নির্ধারিত সর্বোচ্চ গ্রহণযোগ্য মাত্রার ত্রুটি।

(দ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(ধ) **"ধারা"** অর্থ অধ্যাদেশের ধারা;

(ন) **"স্ট্যান্ডার্ড মোড়ক"** অর্থ এমন মোড়ক যাহাতে নিদিষ্ট পরিমাণ পণ্য-সামগ্রী থাকে।

## পরিচ্ছেদ-২

## খুচরা বিক্রয়ের উদ্দেশ্যে প্রস্তুতকৃত মোড়কের ক্ষেত্রে প্রযোজ্য বিধান

৩। **পণ্য-সামগ্রী পূর্ব-মোড়কজাতকরণ ও বিক্রয়ের ক্ষেত্রে বিধান।**—এই বিধিমালা কার্যকরী হওয়ার পর কোন ব্যক্তি কোন পণ্য-সামগ্রী, এই বিধিমালার বিধান অনুযায়ী পূর্ব-মোড়কজাতকরণ ও মোড়কের উপরে এই বিধিমালার নির্ধারিত ঘোষণা প্রদান বা ঘোষণাযুক্ত লেবেল যুক্তকরণ ব্যতিরেকে, বিক্রয়, বিতরণ বা সরবরাহ করিতে পারিবে না বা করার অনুমতি প্রদান করা যাইবে না।

৪। **নির্দিষ্ট পণ্য-সামগ্রী কেবল মানসম্মত প্যাকেটে মোড়কজাতকরণ ও বিক্রয়।**—এই বিধিমালা কার্যকরী হওয়ার পর থেকে কোন ব্যক্তি কোন পণ্য-সামগ্রী এই বিধিমালার তফসিল ৩ এ উল্লিখিত নির্ধারিত পরিমাণে ও মানসম্মত উপায়ে পূর্ব-মোড়কজাতকরণ ব্যতিরেকে বিক্রয়, বিতরণ বা সরবরাহ করিতে পরিবে না বা করার অনুমতিও প্রদান করা যাইবে না ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যদি মনে করে যে, কোন টেকনিক্যাল বা মেকানিক্যাল কারণে কোন নির্দিষ্ট পণ্য-সামগ্রী এই বিধিমালার তফসিল ৩ এ উল্লিখিত নির্ধারিত পরিমাণে পূর্ব-মোড়কজাতকরণ সম্ভব নয় তাহা হইলে সরকার উক্তরূপ পণ্য-সামগ্রী তদকর্তৃক নির্ধারিত পরিমাণে পূর্ব মোড়কজাতকরণের অনুমতি প্রদান করিতে পারিবে।

৫। **প্রতিটি মোড়কের উপর ঘোষণা প্রদান।**—(১) প্রতিটি মোড়কের গায়ে বা উহাতে যুক্ত লেবেলে নিম্নরূপ নির্দিষ্ট, সাধারণ এবং অর্থপূর্ণ ঘোষণা থাকিতে হইবে, যথা ঃ—

(ক) উৎপাদনকারীর নাম ও ঠিকানা এবং উৎপাদনকারী মোড়কজাতকারী না হইলে উৎপাদনকারী ও মোড়কজাতকারীর নাম ও ঠিকানা;

(খ) মোড়কজাত পণ্যের সাধারণ বা শ্রেণীগত নাম;

**ব্যাখ্যা ঃ** কোন পণ্যের ক্ষেত্রে শ্রেণীগত নাম বলিতে সংশ্লিষ্ট পণ্যের জাত বা ধরণগত নামকে বুঝাইবে। উদাহরণ স্বরূপ বলা যায়, সাধারণ লবণের ক্ষেত্রে সোডিয়াম ক্লোরাইড উহার শ্রেণীগত নাম।

(গ) ওজন ও পরিমাণের নির্ধারিত একক (SI unit) অনুযায়ী মোড়কজাত পণ্যের প্রকৃত পরিমাণ এবং যেখানে কোন পণ্য-সামগ্রী সংখ্যার ভিত্তিতে মোড়কজাত ও বিক্রয় করা হয় সেক্ষেত্রে মোড়কজাত পণ্যের সংখ্যা ;

(ঘ) পণ্য-সামগ্রী উৎপাদন ও মোড়কজাতকরণের মাস এবং বৎসর ;

(ঙ) পণ্য-সামগ্রী ব্যবহারের অযোগ্য হওয়ার মাস এবং বৎসর ;

(চ) মোড়কজাত পণ্যের খুচরা বিক্রয় মূল্য ;

(ছ) যে ক্ষেত্রে মোড়কজাত পণ্যের আকৃতি প্রাসঙ্গিক, সে ক্ষেত্রে মোড়কজাত পণ্যের আকৃতি ও প্রকৃতি এবং যে ক্ষেত্রে মোড়কজাত পণ্যের একেকটির আকৃতি ও প্রকৃতি ভিন্ন ভিন্ন সে ক্ষেত্রে প্রতিটির আকৃতি ও প্রকৃতি ;

(জ) এই বিধিমালার নির্ধারিত অন্যান্য বিষয়ে সকল তথ্য বাংলায় এবং পছন্দ মোতাবেক অন্য কোন ভাষায় লিখিত হইতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে,

(১) নিম্নোক্ত ক্ষেত্রে পণ্য উৎপাদন ও মোড়কজাত করার মাস ও বৎসর সংক্রান্ত কোন ঘোষণা প্রদানের প্রয়োজন নাই, যথা ঃ—

(I) লিকুইড দুধ, লিকুইড বেভারেজ, যে ক্ষেত্রে দুধ একটি উপাদান, কোমল পানীয়, রেডি টু সার্ভ ফ্রুট বেভারেজ (Ready to serve fruit beverages) অথবা অনুরূপ পণ্য-সামগ্রী সম্বলিত বোতল, যাহা পুনরায় ভর্তি করার উদ্দেশ্যে ভোক্তা কর্তৃক ফেরৎ প্রদান করা হয় ;

(II) ব্রেড সম্বলিত যে কোন মোড়ক এবং (ক) শাক-সবজি, (খ) ফল, (গ) আইক্রীম, (ঘ) মাখন, (ঙ) ঘি, (চ) মাছ, (ছ) মাংস বা এইরূপ অন্য যে কোন পণ্য-সামগ্রীর মোড়ক;

(III) ছোট থলে বা পাত্রের তরলপ্রকৃতির দুধ;

(IV) ধাতব জাতীয় পদার্থ দ্বারা প্রস্তুত উপকরণের মোড়ক;

(V) তরল পেট্রোলিয়াম গ্যাস বা অন্য কোন গ্যাস সিলিন্ডার;

(VI) রাসায়নিক সারের মোড়ক।

(২) যে ক্ষেত্রে কোন মোড়কজাতকরণ উপাদান, যাহাতে মাস উল্লেখ রহিয়াছে এবং যাহার কোন পণ্য-সামগ্রী সংশ্লিষ্ট মাসেই নিঃশেষ করার কোন বাধ্যবাধকতা নাই ঐ ধরনের মোড়কজাতকরণ উপাদান সংশ্লিষ্ট পণ্য পূর্ব-মোড়কজাতকরণ কাজে পরবর্তী মাসে ব্যবহার করা যাইবে উহার পরে নয়, তবে সরকার যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, ঐ ধরনের মোড়কজাতকরণ উপাদান উহার নির্ধারিত মেয়াদে নিঃশেষ করা না হইলেও কোন অসুবিধা নাই সে ক্ষেত্রে উহা ব্যবহারের মেয়াদ বৃদ্ধি করা যাইতে পারে;

(৩) নিম্নোক্ত ক্ষেত্রে খুচরা বিক্রয় মূল্য সংক্রান্ত কোন ঘোষণার প্রয়োজন নাই, যথা ঃ—

(I) মোড়কবিহীন যে কোন শাক-সবজি, ফল, মাছ বা মাংস ইত্যাদি;

(II) যে কোন বোতলজাতকৃত তরল দুধ, তরল বেভারেজ যাহার একটি উপাদান দুধ, যাহা ভোক্তা কর্তৃক পুনরায় ভর্তিকরণের উদ্দেশ্যে ফেরৎ প্রদান করা হয়;

(III) যে কোন এ্যালকোহলিক বেভারেজ, বা সুরাযুক্ত লিক্যার (Spirituous liquor);

(IV) ১৫ কেজি বা ১৫ লিটারের বেশী ওজনের পশু খাদ্যের মোড়ক;

(V) এইরূপ পণ্যের মোড়ক যাহার মূল্য সময় সময় আইন দ্বারা নির্ধারণ করিয়া দেওয়া হয়; এবং

(VI) মুদ্রণের কালির মোড়ক ঃ

তবে শর্ত থাকে যে, দফ (১)—(৫) এ উল্লিখিত পণ্যসমূহ, যাহার মোড়কে উৎপাদনকারী বা মোড়কজাতকারী কর্তৃক খুচরা মূল্য উল্লেখ করা হয় নাই, ঐ সকল পণ্যের খুচরা বিক্রয়কারী ডিলার কর্তৃক ভোক্তাদের জ্ঞাতার্থে উহাদের মূল্য খুচরা বিক্রয় স্থানের একটি দৃশ্যমান অংশে টানাইয়া দিতে হইবে।

**ব্যাখ্যা ঃ** ১। যেই মাস এবং বৎসর পণ্য পূর্ব-মোড়কজাতকরণ করা হইয়াছে, অক্ষরে বা অংকে বা উভয় পদ্ধতিতে, উহা মোড়কে উল্লেখ করিতে হইবে।

**ব্যাখ্যা ঃ** ২। কন্‌ডেন্সড দুধ তরল দুধের অন্তর্ভুক্ত হইবে না।

(৪) যে ক্ষেত্রে কোন পণ্য একাধিক উপাদানের সমন্বয়ে গঠিত এবং এই সকল উপাদান দুই বা ততোধিক ইউনিটে মোড়কজাত করা হয়, সে ক্ষেত্রে উহা একটি পণ্য হিসাবে বিক্রয়ের ক্ষেত্রে উক্ত উপাদানসমূহের মূল মোড়কে উপ-বিধি (১) এ উল্লিখিত সকল ঘোষণা থাকিতে হইবে এবং এইরূপ মূল মোড়কে উহার অভ্যন্তরস্থ অন্যান্য মোড়ক সংক্রান্ত ঘোষণাও থাকিতে হইবে।

৬। **মূল প্রদর্শনীর প্যানেল, ইহার এলাকা, আকৃতি এবং অক্ষর, ইত্যাদি।**—(১) পাঁচ ঘন সেন্টিমিটার বা উহার চেয়েও কম আয়তন বিশিষ্ট মোড়কের ক্ষেত্রে উহার মূল প্রদর্শনী প্যানেল হইবে মোড়কের উপর লাগানো একটি কার্ড বা টেপ যাহাতে প্রয়োজনীয় সকল তথ্য থাকিবে।

(২) এই বিধিমালার অধীন আবশ্যকীয় কোন সংখ্যা বিষয়ক ঘোষণার আকৃতি উহার মূল প্রদর্শনী প্যানেল নিম্নে উল্লিখিত পরিমাণের চেয়ে কম হইবে না, যথা ঃ—

(ক) যদি প্রকৃত পরিমাণ, ওজন ও ভলিউমে ঘোষণা করা হইয়া থাকে, তবে উহা টেবিল ১ এ প্রদর্শিত পরিমাণ হইবে; এবং

(খ) যদি প্রকৃত পরিমাণ দৈর্ঘ্য, এলাকা বা সংখ্যার ভিত্তিতে ঘোষণা করা হইয়া থাকে, তবে উহা টেবিল ২ এ প্রদর্শিত পরিমাণ হইবে।

(৩) ঘোষণার ক্ষেত্রে অক্ষরের উচ্চতা ১ মিলিমিটারের কম হইবেনা; যখন উহা বাতাস দ্বারা চালিত হইবে, গঠিত হইবে, ছাঁচে তৈরী করা হইবে, শোভিত করা হইবে বা কাগজে ছিদ্র করিয়া লাগানো হইবে তখন অক্ষরের উচ্চতা ২ মিলিমিটারের কম হইবেনা ঃ

তবে শর্ত থাকে যে, কোন অক্ষর বা সংখ্যার প্রস্থ উহার উচ্চতার এক তৃতীয়াংশের কম হইবে না, তবে এইরূপ শর্ত আংকিক '১' এবং আক্ষরিক "ক" এবং "১" এর ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

টেবিল-১

আংকিক সংখ্যার সর্বনিম্ন আকৃতি (**minimum height**)

| ক্রমিক নং | ওজন/ভলিউম প্রকৃত পরিমাণ | মিলিমিটারের সর্বনিম্ন আকৃতি স্বাভাবিক অবস্থায় | মিলিমিটারের সর্বনিম্ন উচ্চতা বাতাস দ্বারা চালিত হওয়া, ছাঁচে তৈরী করা, শোভিত করা বা কন্টেইনারে লাগানোর ক্ষেত্রে |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| (১) | ২০০ গ্রাম/মিঃলিঃ পর্যন্ত | ২ | ৩ |
| (২) | ২০০ গ্রাম/মিঃলিঃ এর চেয়ে বেশি হইতে ৫০০ গ্রাম/ মিঃলিঃ পর্যন্ত | ২ | ৪ |
| (৩) | ৫০০ গ্রাম/ মিঃলিঃ এর বেশি | ৪ | ৬ |

টেবিল-২

আংকিক সংখ্যার সর্বনিম্ন আকৃতি (**minimum height**)

| ক্রমিক নং | দৈর্ঘ্য, এলাকা বা সংখ্যার ভিত্তিতে প্রকৃত পরিমাণ, মূল প্রদর্শনী প্যানেলের এলাকা | মিলিমিটারের সর্বনিম্ন আকৃতি স্বাভাবিক অবস্থায় | মিলিমিটারের সর্বনিম্ন উচ্চতা বাতাস দ্বারা চালিত হওয়া, ছাঁচে তৈরী করা, শোভিত করা বা কন্টেইনারে লাগানোর ক্ষেত্রে |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| (১) | ১০০ বর্গ সেঃ মিঃ পর্যন্ত | ২ | ৩ |
| (২) | ১০০ বর্গ সেঃমিঃ এর অধিক হইতে ৫০০ বর্গ সেঃমিঃ পর্যন্ত | ২ | ৪ |
| (৩) | ৫০০ বর্গ সেঃমিঃ এর অধিক হইতে ২৫০০ বর্গ সেঃমিঃ পর্যন্ত | ৪ | ৬ |
| (৪) | ২৫০০ বর্গ সেঃমিঃ এর অধিক | ৬ | ৬ |

(৪) অন্য কোন আইনের অধীন কোন নির্দিষ্ট সময়ের জন্য যদি কোন মোড়কের ক্ষেত্রে, এই বিধিমালায় নির্ধারিত ঘোষণা আবশ্যক হয়, তাহা হইলে ঐ সকল মোড়কের ক্ষেত্রে এই বিধিমালার কোন বিধান প্রযোজ্য হইবে না।

৭। **ঘোষণা প্রদর্শনের স্থান।**—(১) এই বিধিমালার অধীন আবশ্যকীয় সকল ঘোষণা মূল ডিসপ্লে প্যানেলে প্রদর্শিত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, ঘোষণা প্রদর্শনের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা ঃ—

(ক) ঘোষণা স্থানের উপরে ও নিচে এক আংকিক সংখ্যা পরিমাণ স্থান ফাঁকা থাকিবে, এবং

(খ) ঘোষণার স্থানে ডানে ও বামে দুই আংকিক সংখ্যা পরিমাণ স্থান ফাঁকা থাকিবে।

(২) কোমলপানীয়, পরিবেশনের জন্য প্রস্তুত ফলের বেভারেজ বা এইরূপ অন্য কোন পণ্য-সামগ্রীর ক্ষেত্রে, যাহার বোতল পুনঃভর্তিকরণের উদ্দেশ্যে ভোক্তা কর্তৃক ফেরৎ প্রদান করা হয়, উহার খুচরা বিক্রয় মূল্য ক্রাউন ক্যাপে, বা বোতলের গায়ে বা উভয় পদ্ধতিতে উল্লেখ করিতে হইবে ; ক্রাউন ক্যাপ বা বোতলের গায়ে খুচরা বিক্রয় মূল্য উল্লেখ করার ক্ষেত্রে, "খুচরা বিক্রয় মূল্য ----------টাকা " এই পদ্ধতিতে স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৮। **ঘোষণা প্রদানের পদ্ধতি।**—(১) এই বিধিমালার অধীন অত্যাবশ্যকীয় ঘোষণাসমূহ হইবে—

(ক) স্পষ্ট, স্থায়ী, সুনিদিষ্ট, সহজ বোধ্য এবং সামঞ্জস্যপূর্ণ;

(খ) সুস্পষ্ট আকার, আংকিক এবং রং বিশিষ্ট;

(গ) খুচরা বিক্রয় মূল্যের আংকিক সংখ্যা এবং পরিমাণ সংক্রান্ত ঘোষণা মোড়কের উপরে সংযুক্ত লেবেলের ব্যাক গ্রাউন্ড এর সাথে সামঞ্জস্যপূর্ণ, মুদ্রিত আকারেও রঙিন ঃ

শর্ত থাকে যে,

(১) যদি কোন তথ্যসম্বলিত লেবেল গ্লাসে লাগানো হয় বা প্লাস্টিকের তন্তুতে লাগানো হয় বা মোড়কে এ্যামবুশ করা হয় বা লাগানো হয়, তবে এইরূপ তথ্য সাদৃশ্যপূর্ণ হওয়ার প্রয়োজন নাই; এবং

(২) যদি কোন মোড়কের উপর মুদ্রিত ঘোষণা হাতে লিখা বা স্ক্রীপ্ট ধরণের হয়, তবে ঐ সকল ঘোষণা স্পষ্ট, সামঞ্জস্যপূর্ণ এবং সহজ হইতে হইবে।

(২) তরল প্রকৃতির যে কোন পণ্য সামগ্রীর মোড়কে উহার তথ্য সংক্রান্ত ঘোষণা পাঠযোগ্য হইতে হইবে।

(৩) কোন মোড়ক অন্য কোন বস্ত্র বা রেপিং দ্বারা আচ্ছাদিত থাকিলে ঐ সকল তন্তু বা রেপিং এ মোড়কজাত পণ্য-সামগ্রীর তথ্য সংক্রান্ত সকল ঘোষণা থাকিতে হইবে, তবে ঐ তন্তু বা রেপিং যদি এইরূপ প্রকৃতির হয় যে, উহার মধ্য দিয়া মোড়কে উল্লিখিত পণ্য-সামগ্রীর তথ্য সংক্রান্ত সকল ঘোষণা সহজেই পাঠযোগ্য, সেক্ষেত্রে ঐরূপ তন্তু বা রেপিং এ মোড়কজাত পণ্য-সামগ্রীর তথ্য সংক্রান্ত ঘোষণা প্রদানের প্রয়োজন নাই।

৯। **উৎপাদনকারী (manufacturer) ইত্যাদির নাম ও ঠিকানা সংক্রান্ত ঘোষণা।**—(১) বিধি ৫ এর বিধান সাপেক্ষে, বিক্রয়ের উদ্দেশ্যে রক্ষিত বা বিক্রিতব্য সকল মোড়কে উহার উৎপাদনকারীর নাম ও পূর্ণাংগ ঠিকানা এবং উৎপাদনকারী মোড়কজাতকারী না হইলে উৎপাদনকারী ও মোড়কজাতকারীর নাম ও পূর্ণাঙ্গ ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে ঃ

শর্ত থাকে যে, কোন মোড়ক ৫ ঘন সেঃমিঃ বা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন হইলে এবং মোড়কের উপরের কোন চিহ্ন বা অভিলিখন (inscription) দ্বারা ভোক্তা সাধারণ উহার উৎপাদনকারী বা মোড়কজাতকারীকে চিহ্নিত করিতে পারিলে সেক্ষেত্রে এই উপ-বিধির বিধানই পর্যাপ্ত বলিয়া বিবেচিত হইবে ঃ

আরো শর্ত থাকে যে, যদি কোন পণ্য সামগ্রী বাংলাদেশের বাহিরে উৎপাদিত হয় এবং বাংলাদেশে মোড়কজাত করা হয়, তাহা হইলে উক্ত পণ্য সামগ্রীর মোড়কের মূল ডিসপ্লে প্যানেলে, বাংলাদেশে উক্ত পণ্য-সামগ্রীর মোড়কজাতকারীর নাম এবং পূর্ণাংগ ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

**ব্যাখ্যা ঃ** **"পূর্ণাংগ ঠিকানা"** অর্থ কোন কোম্পানীর ক্ষেত্রে উহার রেজিষ্টার্ড অফিসের নাম ও ঠিকানা এবং অন্যান্য ক্ষেত্রে উৎপাদনকারী ও মোড়কজাতকারীর নাম, রোডের নাম ও নাম্বার (যদি থাকে) এবং উৎপাদনকারী ও মোড়কজাতকারীর ব্যবসার স্থান বা এলাকার নাম।

(২) মোড়কে উৎপাদনকারী বা মোড়কজাতকারীর প্রকৃত বিধিবদ্ধ (corporate) নাম উল্লেখ করিতে হইবে এবং যদি উহা বিধিবদ্ধ না হইয়া থাকে তাহা হইলে উৎপাদনকারী বা মোড়কজাতকারী যেই নামে ব্যবসা পরিচালনা করে ঐ নাম উল্লেখ করিতে হইবে।

১০। **পরিমাণ সংক্রান্ত ঘোষণার সাধারণ বিধান।**—মোড়কজাত পণ্যের প্রকৃত পরিমাণ সংক্রান্ত ঘোষণার ক্ষেত্রে, সংশ্লিষ্ট পণ্য ব্যতীত সংশ্লিষ্ট মোড়কের অন্যান্য উপাদানের ওজন বাদ দিতে হইবে ঃ

শর্ত থাকে যে, যদি কোন মোড়কে কনফেকশনারীর ছোট ছোট অনেকগুলো আইটেম থাকে এবং প্রতিটি আইটেম আলাদাভাবে রেপিং করা থাকে, তাহা হইলে উক্ত মোড়কে প্রকৃত পরিমাণ সংক্রান্ত ঘোষণার ক্ষেত্রে উক্ত রেপিং এর ওজনও অন্তর্ভুক্ত থাকিবে, যদি কেবলমাত্র এইরূপ রেপিং এর ওজন নিম্নোক্ত পরিমাণ অতিক্রম করে, যথা ঃ—

(ক) ৮%, যে ক্ষেত্রে এইরূপ রেপিং পানি নিরোধ কাগজ হয় বা অন্য কোন কাগজ যাহাতে পানি নিরোধক বা এলুমিনিয়াম ফয়েল যুক্ত থাকে; বা

(খ) অন্যান্য কাগজের ক্ষেত্রে মোড়কজাত সকল কনফেকশনারী আইটেমের সাথে যুক্ত আচ্ছাদনের ওজন বাদ দিয়ে, মোট ওজনের ৬%।

(২) আবহাওয়াগত কারণে কোন মোড়কজাত পণ্যের ওজন বা পরিমাণগত কোন পরিবর্তন সাধিত না হইলে, ঐরূপ পণ্যের মোড়কের উপরে উল্লিখিত পণ্যের ওজন সংক্রান্ত ঘোষণার সাথে ভোক্তা কর্তৃক গৃহীতব্য পণ্যের ওজনের সামঞ্জস্য থাকিতে হইবে এবং এইরূপ মোড়কে ওজন সংক্রান্ত ঘোষণার ক্ষেত্রে 'মোড়কজাত করিবার সময় ওজন' বা অনুরূপ এক বা একাধিক শব্দের উল্লেখ করা যাইবে না।

(৩) উপ-বিধি (৪) এ উল্লিখিত বিধান সাপেক্ষে, আবহাওয়াগত কারণে কোন মোড়কজাত পণ্যের ওজন বা পরিমাণগত সামান্য পরিবর্তন সাধিত হইলে, উক্তরূপ পরিবর্তন সংক্রান্ত বিষয়ের প্রতি লক্ষ্য রাখিয়া মোড়কের উপর ওজন সংক্রান্ত ঘোষণা প্রদান করিতে হইবে, যাহাতে ভোক্তাকে মোড়কে উল্লিখিত ওজন সংক্রান্ত ঘোষণার চেয়ে কম ওজনের পণ্য সামগ্রী গ্রহণ করিতে না হয়, এবং এইরূপ মোড়কে ওজন সংক্রান্ত ঘোষণার ক্ষেত্রে 'মোড়কজাত করিবার সময় ওজন' বা অনুরূপ এক বা একাধিক শব্দের উল্লেখ করা যাইবে না।

(৪) তফসিল-৪ এ উল্লিখিত পণ্য-সামগ্রীর পরিমাণ সংক্রান্ত ঘোষণার ক্ষেত্রে, পরিবেশগত কারণ বা অন্য কোন কারণে, পণ্যের যুক্তিসংগত পরিবর্তন সাধিত হইল, উহার মোড়কে 'মোড়কজাত করিবার সময় ওজন' বা অনুরূপ এক বা একাধিক কোন শব্দের উল্লেখ করা যাইবে।

১১। **পণ্যের পরিমাণ সংক্রান্ত ঘোষণা প্রদানের পদ্ধতি।**—(১) মোড়কজাত পণ্যের পরিমাণ সংক্রান্ত ঘোষণা ওজন বা সংখ্যার পরিমাণের ভিত্তিতে এইরূপভাবে উল্লেখ করিতে হইবে যাহাতে ভোক্তা-সাধারণ উক্ত মোড়কজাত পণ্যের ওজন বা পরিমাণ সম্পর্কে একটি স্বচ্ছ ধারণা লাভ করিতে পারে।

(২) তফসিল-৫ এ নির্ধারিত পণ্যসামগ্রী ব্যতীত অন্যান্য ক্ষেত্রে, পণ্যের পরিমাণ সংক্রান্ত ঘোষণা নিম্নোক্ত এককে প্রদান করিতে হইবে, যথা ঃ—

(ক) ওজন, যদি পণ্য-সামগ্রী সলিড (solid), সেমি সলিড ও সলিডের সংমিশ্রন, আঠালো এবং তরল প্রকৃতির হয়;

(খ) দৈর্ঘ্য, যদি পণ্য-সামগ্রী দৈর্ঘ্যের ভিত্তিতে বিক্রয়করা হয় ;

(গ) আয়তন, যদি পণ্য-সামগ্রী আয়তনের ভিত্তিতে বিক্রয় করা হয় ;

(ঘ) ভলিউম (volume), যদি পণ্য-সামগ্রী তরলাকৃতির হয় বা ঘনক্ষেত্র পদ্ধতিতে বিক্রয় করা হয়; বা

(ঙ) সংখ্যা, যদি পণ্য-সামগ্রী সংখ্যার ভিত্তিতে বিক্রয় করা হয় ঃ

শর্ত থাকে যে, সলিড পণ্য-সামগ্রীর ক্ষেত্রে উহা তরলভাবে কন্টেইনারজাত করা হইলে এবং পরিমাণের ভিত্তিতে বিক্রয় করা হইলে, উহা সলিড পণ্য-সামগ্রীর ওজনের ভিত্তিতে হইবে।

(৩) কোন মোড়কে উহার পণ্য সামগ্রী সংক্রান্ত ঘোষণা ওজন (mass) এর ভিত্তিতে প্রদান করা হইলে, উৎপাদনকারী বা মোড়কজাতকারী কর্তৃক উক্ত মোড়কে সংশ্লিষ্ট পণ্য-সামগ্রীর সংখ্যা সংক্রান্ত একটি অতিরিক্ত ঘোষণা প্রদান করিতে হইবে।

**উদাহরণঃ** স্ক্রু সম্বলিত একটি মোড়কে উহার ঘোষণায় কেবল উহার ওজন সংক্রান্ত ঘোষণাই থাকিবেনা বরং উক্ত স্ক্রু সাইজ এবং সংখ্যা সংক্রান্ত বিবরণও থাকিতে হইবে।

(৪) পণ্যের ওজন ও সংখ্যার পরিমাণ সংক্রান্ত ঘোষণা যদি ভোক্তা-সাধারণের সংশ্লিষ্ট মোড়কজাত পণ্যের আকৃতি বা সংখ্যা সম্পর্কে সকল তথ্য জানার জন্য যথেষ্ট না হয় তাহা হইলে উক্ত মোড়কজাত পণ্যের আকৃতি বা সংখ্যা বা উভয়টি সম্পর্কে, যদি প্রয়োজন হয়, একটি সহায়ক ঘোষণা প্রদান করিতে হইবে।

**উদাহরণঃ**

**টেবিল**

| ক্রমিক | পণ্যের নাম | প্রয়োজনীয় অতিরিক্ত তথ্য |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| (ক) | তরলাকৃতির এসিড | প্রতি ইউনিট ভলিউম এর ওজন এর একীভূতকরণ |
| (খ) | কাটাতার | প্রতি ১০০ মিটার বা ব্যাস, যাহা প্রযোজ্য এর ওজন |
| (গ) | পেরেক (nails), কাঠে ব্যবহারের স্ক্রু | আকৃতি (দৈর্ঘ্য, ব্যাস এবং সুতার প্রকৃতি ) |
| (ঘ) | তৈরি পোশাক | দৈর্ঘ্যের ভিত্তিতে |
| | (I) শার্ট এবং একই প্রকৃতির অন্যান্য পোশাক | গলার সাইজ, এক সেঃ মিঃ হিসাবে |
| | (II) বুশ শার্ট (Bushshirt) এবং একই ধরনের অন্যান্য পোশাক | বুকের সাইজ, ৫ সেঃ মিঃ হিসাবে |

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| | (III) অন্তর্বাস (under wear) যাহা শরীরের উপরের অংশ বা উপরের যে কোন অংশ আবৃত করার জন্য ব্যবহৃত হয় | বুকের সাইজ, ৫ সেঃ মিঃ হিসাবে |
| | (IV) অন্তর্বাস (under wear) যাহা শরীরের নীচের অংশ বা উহার যে কোন অংশ আবৃত করার জন্য ব্যবহৃত হয় | কোমরের সাইজ, ২ সেঃ মিঃ হিসাবে এবং দৈর্ঘ্য ৫ সেঃ মিঃ হিসাবে |
| | (V) পুরুষ বা মহিলার ট্রাউজার এবং একই ধরণের অন্যান্য পোশাক | কোমরের সাইজ, ২ সেঃ মিঃ হিসাবে এবং দৈর্ঘ্য ৫ সেঃ মিঃ হিসাবে |
| | (VI) কোট, ওভারকোট এবং একই ধরণের অন্যান্য পোশাক | কোমরের সাইজ, ৫ সেঃ মিঃ হিসাবে এবং দৈর্ঘ্য ৫ সেঃ মিঃ হিসাবে |
| | (VII) মোজা এবং একই ধরণের অন্যান্য পোশাক | পায়ের পাতার সাইজ, ১ সেঃমিঃ হিসাবে এবং যদি সম্প্রসারণযোগ্য হয় তবে সেঃমিঃ এ সম্প্রসারণের পরিমাণ |
| | (VIII) সুয়েটার কার্ডিগান এবং একই ধরণের অন্যান্য পোশাক | বুকের সাইজ, ৫ সেঃমিঃ হিসাবে |
| | (IX) হ্যাট, টুপি এবং মাথায় ব্যবহারের অন্যান্য পোশাক | মাথার আকৃতি, ১ সেঃমিঃ হিসাবে |
| | (X) শাড়ী, শাল, রুমাল, বেডশীট, বালিশের কভার, তোয়ালে এবং ন্যাপকিন | আকৃতি (দৈর্ঘ্য ও প্রস্থ) |
| (ঙ) | টায়ার এবং টিউব | সাইজ (কেবলমাত্র মেট্রিক্স ইউনিটে) |
| (চ) | বুননের সূতা | (Count) গণনা |

(৫) মোড়কজাত পণ্য সম্পর্কে অতিরিক্ত কোন তথ্য উহার ভোক্তাকে অবহিত করা আবশ্যক হইলে, এই বিধির বিধান অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় তথ্যের ন্যায় অতিরিক্ত তথ্যও একই পদ্ধতিতে প্রদর্শন করিতে হইবে।

(৬) পণ্যের পরিমাণ সংক্রান্ত ঘোষণা প্রদানের ক্ষেত্রে এইরূপ কোন শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা যাইবেনা যাহাতে সংশ্লিষ্ট মোড়কজাত পণ্য সম্পর্কে ভোক্তার কোন অতিরঞ্জিত, ভ্রান্ত বা অপ্রাসঙ্গিক ধারণার সৃষ্টি হয়।

উদাহরণ ঃ পণ্যের পরিমাণ সংক্রান্ত ঘোষণার ক্ষেত্রে নিম্নোক্ত কোন শব্দ ব্যবহার করা যাইবেনা যথা ঃ—

(১) সর্বনিম্ন, অন্যূন, সর্বমোট, আনুমানিক বা এইরূপ অন্য কোন শব্দ; বা

(২) জাম্বু, জায়ান্ট, পূর্ণ, ইকনমি, বড় অতিরিক্ত, রাজা-রানী বা এইরূপ অন্য কোন শব্দ।

(৭) ৫ ঘন সেন্টিমিটার বা তাহার চেয়েও কম ধারণক্ষমতা সম্পন্ন মোড়কের ক্ষেত্রে উহার পণ্যের পরিমাণ সংক্রান্ত ঘোষণা ট্যাগ, কার্ড, ট্যাপ বা একই ধরণের অন্য কোন বস্তুতে উল্লেখ পূর্বক উহা কন্টেইনারে এমনভাবে লাগাইতে হইবে যাহাতে কন্টেইনার খোলা ব্যতিরেকে উহা খোলা না যায় এবং প্রতিটি ট্যাগ, কার্ড, ট্যাপ বা অন্যকোন বস্তুতে এইরূপ চিহ্ন প্রদান করিতে হইবে যাহাতে ভোক্তা-সাধারণ সহজেই উহার উৎপাদনকারী বা ব্যবহারকারীকে চিহ্নিত করিতে পারে।

১২। **ওজন, পরিমাণ বা সংখ্যার এককের বিবরণ।**—(১) ওজন, পরিমাণ বা সংখ্যার একক উপ-বিধি (২) বা (৩) এ নির্ধারিত এককের অনুরূপ হইবে।

(২) পরিমাণ সংক্রান্ত কোন ঘোষণা সর্বনিম্ন—

(ক) ১ কেজি হইলে, ওজনের একক হইবে গ্রাম;

(খ) ১ মিটার হইলে, দৈর্ঘের একক হইবে সেঃমিঃ;

(গ) ১ বর্গ মিটার হইলে, আয়তনের একক হইবে বর্গ সেঃমিঃ;

(ঘ) ১ ঘন মিটার হইলে, ভলিউমের একক হইবে ঘন সেঃমিঃ;

(ঙ) ১ ঘন সেন্টিমিটার হইলে, ভলিউমের একক হইবে ঘন সেঃমিঃ; এবং

(চ) ১ লিটার হইলে, ভলিউমের একক হইবে মিঃ লিঃ।

(৩) পরিমাণ সংক্রান্ত কোন ঘোষণা নিম্নোক্ত পরিমাণের সমান বা তার চেয়ে বেশি হইলে—

(ক) (১) ১ কেজির ক্ষেত্রে, ওজনের একক হইবে কেজি এবং কেজির যেকোন অংশের ক্ষেত্রে কেজির একাংশ হিসাবে এক-দশমাংশ;

(২) ১ টনের ক্ষেত্রে, ওজনের একক হইবে টন, এবং টনের যে কোনঅংশের ক্ষেত্রে টনের একাংশ হিসাবে এক-দশমাংশ—

(খ) ১ মিটারের ক্ষেত্রে, দৈর্ঘ্যের একক হইবে মিটার এবং মিটারের যে কোন অংশের ক্ষেত্রে মিটারের একাংশ হিসাবে এক-দশমাংশ;

(গ) ১ বর্গ মিটারের ক্ষেত্রে একক হইবে বর্গমিটার এবং বর্গমিটারের যে কোন অংশের ক্ষেত্রে বর্গ মিটারের একাংশ হিসাবে এক-দশমাংশ;

(ঘ) ১ ঘন মিটারের ক্ষেত্রে ভলিউমের একক হইবে ঘনমিটার এবং ঘনমিটারের যে কোন অংশের ক্ষেত্রে ঘনমিটারের একাংশ হিসাবে এক-দশমাংশ; এবং

(ঙ) (১) ১ লিটারের ক্ষেত্রে, ভলিউমের একক হইবে লিটার এবং লিটারের যে কোন অংশের ক্ষেত্রে লিটারের একাংশ হিসাবে এক-দশমাংশ।

(২) ১ কিলোলিটারের ক্ষেত্রে, ভলিউমের একক হইবে কিলোলিটার এবং কিলোলিটারের যে কোন অংশের ক্ষেত্রে কিলোলিটারের একাংশ হিসাবে এক-দশমাংশ ঃ

শর্ত থাকে যে, যদি পণ্যের পরিমাণ ১ কিলোগ্রাম, ১ মিটার, ১ বর্গমিটার, ১ ঘন ডেসিমিটার, ১ ঘন সেন্টিমিটার অথবা ১ লিটার, যাহাই হউক না কেন, ইহার সমান হিসাবে উল্লেখ করিতে হয়, তাহা হইলে উৎপাদনকারী বা মোড়কজাতকারী তাহাদের ইচ্ছা অনুযায়ী এইরূপ পরিমাণকে গ্রাম, সেন্টিমিটার, বর্গ ডেসিমিটার, মিলিলিটার, যাহাই হউক না কেন, হিসাবে উল্লেখ করিতে পারিবেন ঃ

আরো শর্ত থাকে যে, যদি পণ্যের পরিমাণ ১০০ কিলোগ্রাম এর সমান বা উহার বেশি কিন্তু ১০০০ কিলোগ্রাম এর কম হিসাবে উল্লেখ করিতে হয়, তাহা হইলে উৎপাদনকারী বা মোড়কজাতকারী তাহাদের ইচ্ছা অনুযায়ী উক্তরূপ পরিমাণকে কুইন্টাল, যাহা ১০০ কিলোগ্রাম এর সমমানের, হিসাবে উল্লেখ করিতে পারিবেন।

**উদাহরণ ঃ**

(ক) ওজন ১৫০০ গ্রাম হইলে, ১.৫ কিলোগ্রাম হিসাবে উল্লেখ করিতে হইবে;

(খ) দৈর্ঘ্য ২২৫ সেন্টিমিটার হইলে, ২.২৫ মিটার হিসাবে উল্লেখ করিতে হইবে; এবং

(গ) ভলিউম ১২০০ মিলিলিটার হইলে, ১.২ লিটার হিসাবে উল্লেখ করিতে হইবে।

(৪) উপ-বিধি (২) এবং (৩) এ নির্ধারণ করা হয়নি এইরূপ ওজন এবং পরিমাণের একক নিম্নোক্ত পদ্ধতিতে উল্লেখ করিতে হইবে, যথা ঃ—

(ক) স্ট্যান্ডার্ড এককের চেয়ে কম পরিমাণ উল্লেখ করার ক্ষেত্রে, উহা মিলি এককে উল্লেখ করিতে হইবে, এবং এককের অংশ হিসাবে এক হাজারের কম পরিমাণের ক্ষেত্রে মাইক্রো এককে বা অনুরূপ অন্য কোন এককে উল্লেখ করিতে হইবে;

(খ) স্ট্যান্ডার্ড এককের চেয়ে বেশি পরিমাণ উল্লেখ করার ক্ষেত্রে, উহা ১০০০ একক পর্যন্ত কিন্তু উহা অন্তর্ভুক্ত নয়, হিসাবে উল্লেখ করিতে হইবে এবং পণ্যের পরিমাণ ১০০০ ইউনিট বা তার চেয়ে বেশি কিন্তু এক মিলিয়নের চেয়ে কম হইলে, উহার পরিমাণ কিলো এককে উল্লেখ করিতে হইবে এবং পণ্যের পরিমাণ এক মিলিয়ন একক বা তাহার বেশি হইলে, উহার পরিমাণ মেগা এককে উল্লেখ করিতে হইবে;

(গ) পণ্যের পরিমাণ এক স্ট্যান্ডার্ড এককের বেশি কিন্তু পরবর্তী স্ট্যান্ডার্ড এককের চেয়ে কম হইলে ভগ্নাংশ এককের দশমিক হারে উল্লেখ করিতে হইবে।

(৫) সংখ্যার ভিত্তিতে কোন পণ্য-সামগ্রী মোড়কজাত করিবার ক্ষেত্রে উহা আন্তর্জাতিকভাবে স্বীকৃত আরবী ও বাংলা সংখ্যাবিষয়ক পদ্ধতিতে মোড়কের উপর উল্লেখ করিতে হইবে এবং সংখ্যার ভিত্তিতে বিক্রয়ের ক্ষেত্রে প্রতিটি পণ্য তফসিল-৬ এ নির্ধারিত পদ্ধতিতে মোড়কজাত করিতে হইবে ঃ

শর্ত থাকে যে, যদি সরকার এই মর্মে সন্তুষ্ট হয় যে, কারিগরি বা যান্ত্রিক কারণে কোন পণ্য তফসিল-৬ এ নির্ধারিত পদ্ধতিতে পূর্ব মোড়কজাতকরণ সম্ভব নয় তবে উক্তরূপ পণ্য সামগ্রী তদ্‌কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে ও সংখ্যার ভিত্তিতে পূর্ব-মোড়কজাত করা যাইবে।

(৬) ডজন (১২), সেকার (২০), গ্রোস (১৪৪), গ্রেট গ্রোস (১৭২৮) বা অনুরূপ পদ্ধতিতে কোন মোড়কে কোন সংখ্যা উল্লেখ করা যাইবে না।

(৭) এককের প্রতীক বা চিহ্ন ঃ

(ক) মোড়কে মোট পরিমাণ সংক্রান্ত প্রতীক বা চিহ্ন ব্যবহারের ক্ষেত্রে আন্তর্জাতিকভাবে স্বীকৃত এককের প্রতীক বা চিহ্ন ব্যতীত অন্য কোন প্রতীক বা চিহ্ন ব্যবহার করা যাইবে না।

**উদাহরণ ঃ**

| | | |
|---|---|---|
| কিলোগ্রাম | - | কেজি (kg) |
| গ্রাম | - | জি (g) |
| মিলিগ্রাম | - | মিঃ গ্রাঃ (mg) |
| লিটার | - | লিঃ (l) |
| মিলিলিটার | - | মিঃ লিঃ (ml) |
| মিটার | - | মিঃ (m) |
| সেন্টিমিটার | - | সেঃ মিঃ (cm) |
| মিলিমিটার | - | মিঃ মিঃ (mm) |
| বর্গমিটার | - | মিঃ$^2$ ($m^2$) |
| ঘন সেন্টিমিটার | - | সেঃমি$^3$ ($cm^3$) |
| ঘন মিটার | - | মিঃ$^3$ ($m^3$) |
| ঘন সেন্টিমিটার | - | সেঃমি$^3$ ($cm^3$) |

(খ) নাম ব্যতীত অন্য কোন স্থানে প্রতীক বা চিহ্ন বড় হাতের অক্ষরে (capital forms) প্রদান করা যাইবে না।

১৩। **সংযুক্ত মোড়কের ক্ষেত্রে অতিরিক্ত ঘোষণা প্রদান।**—(১) সংযুক্ত মোড়কের ক্ষেত্রে, এই বিধিমালার অন্যান্য বিধানে উল্লিখিত প্রয়োজনীয় তথ্য সংক্রান্ত ঘোষণা ছাড়াও, মোড়কজাত প্রতিটি পণ্যের ক্ষেত্রমত, প্রকৃত ওজন, পরিমাণ বা সংখ্যা সংক্রান্ত নির্দেশনা এবং সংযুক্ত মোড়কের খুচরা বিক্রয়মূল্য সংক্রান্ত ঘোষণা প্রদান করিতে হইবে।

(২) যদি যুক্ত মোড়কের অন্তর্ভুক্ত কোন স্বতন্ত্র একক মোড়কে খুচরা মূল্য উল্লেখ না থাকে তবে উক্তরূপ মোড়ক খুচরা বিক্রয়যোগ্য নয় বলিয়া বিবেচিত হইবে।

১৪। **যৌথ মোড়কের (group packages) ক্ষেত্রে অতিরিক্ত ঘোষণা প্রদান।**—(১) যৌথ মোড়কের ক্ষেত্রে নিম্নোক্ত অতিরিক্ত ঘোষণা প্রদান করিতে হইবে, যথা ঃ—

(ক) যৌথ মোড়কের অন্তর্ভুক্ত প্রতিটি একক মোড়কের পণ্যের ক্ষেত্রমত, প্রকৃত ওজন, সংখ্যার পরিমাণ;

(খ) যৌথ মোড়কের অন্তর্ভুক্ত প্রতিটি একক মোড়কের মোট সংখ্যা; এবং

(গ) যৌথ মোড়কের খুচরা বিক্রয় মূল্য।

(২) যদি যৌথ মোড়কের অন্তর্ভুক্ত কোন একক মোড়কে উহার খুচরা বিক্রয় মূল্য উল্লেখ না থাকে তবে উক্তরূপ মোড়ক খুচরা বিক্রয়যোগ্য নয় বলিয়া বিবেচিত হইবে।

১৫। **সমন্বিত মোড়কের (Multi-piece packages) ক্ষেত্রে অতিরিক্ত ঘোষণা প্রদান।**—(১) প্রতিটি সমন্বিত মোড়কের ক্ষেত্রে, এই বিধিমালার অন্যান্য বিধানে উল্লিখিত প্রয়োজনীয় তথ্য সংক্রান্ত ঘোষণা ছাড়াও নিম্নরূপ অতিরিক্ত ঘোষণা প্রদান করিতে হইবে, যথা ঃ—

(ক) সমন্বিত মোড়কের প্রতিটি স্বতন্ত্র একক মোড়কের সংখ্যা; এবং

(খ) সমন্বিত মোড়কের খুচরা বিক্রয় মূল্য ঃ

শর্ত থাকে যে, সমন্বিত মোড়কের অন্তর্ভুক্ত প্রতিটি স্বতন্ত্র একক মোড়ক যদি পৃথকভাবে মোড়কজাত বা লেবেলজাত করা হইয়া থাকে এবং উহা পৃথকভাবে বিক্রয়যোগ্য হয়, তবে প্রতিটি একক মোড়কে উহার পণ্যের পরিমাণ এবং উহার খুচরা বিক্রয় মূল্য সংক্রান্ত একটি ঘোষণা থাকিতে হইবে।

(২) যদি সমন্বিত মোড়কের অন্তর্ভুক্ত কোন স্বতন্ত্র একক মোড়কে উহার খুচরা বিক্রয় মূল্য উল্লেখ না থাকে তবে উক্তরূপ একক মোড়ক খুচরা বিক্রয়যোগ্য নয় বলিয়া বিবেচিত হইবে ।

১৬। **সংশ্লিষ্ট পণ্যের আয়তন (dimensions) সংক্রান্ত ঘোষণা।**—বেডশীড, বস্ত্রের পাড় তৈরির উপাদান, শাড়ী, ন্যাপকিন, বালিশের কভার, তোয়ালে, টেবিল ক্লথ বা এই প্রকৃতির অন্যান্য পণ্য মোড়কজাত করিবার ক্ষেত্রে উক্তরূপ মোড়কের উপরে সংশ্লিষ্ট পণ্যের সংখ্যা এবং আয়তন সংক্রান্ত ঘোষণা প্রদান করিতে হইবে বা তদ্‌সংক্রান্ত লেবেল লাগাইতে হইবে ঃ—

তবে শর্ত থাকে যে, যে সকল মোড়কে বিভিন্ন আয়তন বিশিষ্ট একাধিক পণ্য থাকিবে ঐ সকল মোড়কে প্রতিটি পণ্যের আয়তন এবং খুচরা মূল্য সংক্রান্ত তথ্য মোড়কের উপর উল্লেখ করিতে হইবে ঃ

আরো শর্ত থাকে যে, প্রতিটি পণ্য-সামগ্রীর আয়তন এবং খুচরা বিক্রয় মূল্য উহার গায়ে উল্লেখ করিতে হইবে।

১৭। **কতিপয় ক্ষেত্রে মোড়কের উপর পণ্যের আয়তন এবং ওজন সংক্রান্ত ঘোষণা।**—কোন পণ্যের আয়তন এবং ওজন উভয়ের সংযুক্তি উক্ত পণ্যের মূল্যের সাথে সম্পর্কযুক্ত হইলে উক্তরূপ পণ্যের মোড়কে পণ্যের পরিমাণ সংক্রান্ত ঘোষণার সাথে উহার আয়তন এবং ওজন বা উভয়ের সাথে সংযুক্তি সংক্রান্ত তথ্যও অন্তর্ভুক্ত করিতে হইবে।

১৮। **ব্যবহার্য শীটের সংখ্যা সংক্রান্ত ঘোষণা প্রদান।**—এলুমিনিয়ান ফয়েল, ফেসিয়াল টিস্যু, পানি নিরোধক কাগজ (waxed paper), টয়লেট পেপার বা অন্য কোন শীট মোড়কজাত করিবার ক্ষেত্রে উক্ত মোড়কের উপর সংশ্লিষ্ট পণ্যের পরিমাণ সংক্রান্ত ঘোষণার সাথে উক্তরূপ ব্যবহার্য শীটের সংখ্যা এবং প্রতিটি শীটের আয়তন সংক্রান্ত একটি বিবরণীও প্রদান করিতে হইবে।

১৯। **কন্টেইনার প্রকৃতির পণ্যের আয়তন সংক্রান্ত ঘোষণা প্রদান পদ্ধতি।**—ব্যাগ, বক্স, কাপ, পাত্র বা অনুরূপ কোন পণ্য-সামগ্রী, যাহা অন্য কোন বস্তুর উপাদান, খুচরা বিক্রয়ের উদ্দেশ্যে কন্টেইনার হিসাবে ব্যবহৃত হইলে, উক্তরূপ কন্টেইনারে নিম্নোক্ত পদ্ধতিতে উহার পরিমাণ ঘোষণা সংক্রান্ত লেবেল লাগাইতে হইবে, যথা ঃ—

(১) **ব্যাগ প্রকৃতির পণ্য ঃ** মোড়কজাত ও ব্যাগের সংখ্যার ক্ষেত্রে, ব্যাগের রৈখিক আয়তন, যদি উহা রোলাকৃতির ছিদ্র বিশিষ্ট মোড়ক বা অন্য কোন ভাবে মোড়কজাত করা হয়;

**উদাহরণ ঃ**

(ক) কাপড়ের পট্টিবিহীন ব্যাগের ক্ষেত্রে

"২৫ ব্যাগ, ২০০ মিঃমি × ২০০ মিঃমিঃ" ;

(খ) কাপড়ের পট্টিযুক্ত ব্যাগের ক্ষেত্রে

"১০০ ব্যাগ, ৬০০ মিঃমিঃ × ৮০০ মিঃমিঃ × ২০০ মিঃমিঃ"।

(২) বর্গাকৃতির (square), আয়তক্ষেত্র (oblong) আকৃতির, সমকোণী চতুর্ভুজ (rectangular) আকৃতির বা অনুরূপ অন্য কোন আকৃতির কন্টেইনারের ক্ষেত্রে, মোড়কজাত কন্টেইনারের সংখ্যা, কন্টেইনারের দৈর্ঘ্য, প্রস্থ এবং প্রয়োজনে গভীরতা।

উদাহরণ ঃ

(ক) ২টি কেক প্যান, "২০০ মিঃমিঃ × ২০০ মিঃমিঃ";

(খ) ১টি রোলিং প্যান, "২৫০ মিঃমিঃ × ২০০ মিঃমিঃ × ৫০ মিঃমিঃ"।

(৩) বৃত্তাকার বা গোলাকৃতির কন্টেইনার, কাপ বা অনুরূপ ও অন্য কোন প্রকৃতির নয়, এর ক্ষেত্রে, এই প্রকার কন্টেইনারজাত পণ্য-সামগ্রীর ডায়ামিটার, প্রয়োজনে, কন্টেইনারের গভীরতা।

উদাহরণ ঃ

"৪টি কড়াই, ২০০ মিঃমিঃ ডায়ামিটার × ১০০ মিঃমিঃ"।

(৪) লেবেলের রেফারেন্সের ভিত্তিতে কন্টেইনার ব্যবহারের ক্ষেত্রে, এইরূপ কন্টেইনারের মানসম্মত (standard) ওজন বা পরিমাণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কন্টেইনারের সুনির্দিষ্ট পণ্য বা পণ্য শ্রেণীর ধারণ ক্ষমতার পরিমাণ, উহার পরিমাণ সংক্রান্ত ঘোষণায়, অন্তর্ভুক্ত করিতে হইবে।

**ব্যাখ্যা ১ ঃ** লিকুইড, সেমি সলিড, আঠালো পদার্থ বা সলিড এবং লিকুইডের সংমিশ্রণ পদার্থ ব্যবহারকারী কন্টেইনারের ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে।

উদাহরণ ঃ

ফ্রিজার বক্স "৪টি বক্স, ৫০০ মিঃলিঃ ধারণ ক্ষমতাসম্পন্ন, ১২০ মিঃমিঃ × ১০০ মিঃ মিঃ × ৭০ মিঃমিঃ"।

**ব্যাখ্যা ২ ঃ** সলিড (solid) ব্যবহারকারী কন্টেইনারের ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে।

উদাহরণ ঃ

(ক) ব্যাগ "৮টি ব্যাগ, ১০০ কেজি ধারণ ক্ষমতাসম্পন্ন, ৯০০ মিঃমিঃ × ১৫০০ মিঃমিঃ"।

(খ) কাপ "২০টি কাপ, ২০০ মিঃলিঃ ধারণ ক্ষমতাসম্পন্ন"।

**ব্যাখ্যা ৩ ঃ** অন্য কোন স্থায়ী কন্টেইনার শক্তিশালীকরণের উদ্দেশ্যে কোন কন্টেইনার ব্যবহৃত হইলে, স্থায়ী কন্টেইনারের ধারণ ক্ষমতা সংক্রান্ত ঘোষণা প্রদান করিতে হইবে।

উদাহরণ ঃ

ক্যানের সারি "১০ সারি, ৪৫০ মিঃমিঃ × ১০০ মিঃমিঃ, ১০০ লিটার পর্যন্ত ধারণ ক্ষমতা সম্পন্ন ক্যান"।

২০। **পাইকারী বিক্রয়কারী ডিলার এবং খুচরা বিক্রয়কারী ডিলার সংক্রান্ত বিধান**।—(১) অধ্যাদেশ এবং এই বিধিমালার বিধানের সাথে অসামঞ্জস্যপূর্ণ কোন মোড়কজাত পণ্য কোন পাইকারী বিক্রয়কারী ডিলার বা খুচরা বিক্রয়কারী ডিলার বিক্রয়, বিতরণ, সরবরাহ, প্রদর্শনী, বা বিক্রয়ের উদ্দেশ্যে মজুদ করিতে পারিবেন না।

(২) কোন খুচরা বিক্রয়কারী ডিলার বা অন্য কোন ব্যক্তি, উৎপাদনকারী, মোড়কজাতকারী এবং পাইকারী বিক্রয়কারী ডিলারসহ, মোড়কজাত আকারে কোন পণ্য উক্ত মোড়কের গায়ে উল্লিখিত খুচরা বিক্রয় মূল্যের চেয়ে অধিক মূল্যে বিক্রয় করিতে পারিবেন না।

**ব্যাখ্যা ঃ** এই বিধির অধীন "পাইকারী বিক্রয়" অর্থ একজন পাইকারী বিক্রয়কারী ডিলার কর্তৃক অপর একজন খুচরা বিক্রয়কারী ডিলারের নিকট বিক্রয়, বিতরণ বা সরবরাহ।

(৩) কোন পণ্য বিক্রয়ের উদ্দেশ্যে পূর্ব-মোড়কজাতকরণ (Pre-packed) করার পর উক্ত পণ্যের উপর আরোপিত কর পুনঃনির্ধারিত হইলে, উৎপাদনকারী এবং উৎপাদনকারী মোড়কজাতকারী না হইলে, মোড়কজাতকারী, কর্তৃক পুনঃনির্ধারিত খুচরা বিক্রয় মূল্যের অধিক মূল্যে, পাইকারী বিক্রয়কারী ডিলার বা অন্য কোন ব্যক্তি উক্তরূপ পণ্য বিক্রয় করিতে পারিবেন না।

(৪) উৎপাদনকারী বা প্রযোজ্য ক্ষেত্রে, মোড়কজাতকারী কর্তৃক উপ-বিধি (৩) এর অধীন মোড়কজাত পণ্যের পুনঃনির্ধারণ সংক্রান্ত বিষয়টি অন্যূন দুইটি বিজ্ঞাপনের মাধ্যমে, যাহার মধ্যে এক বা একাধিক বিজ্ঞাপন বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করিতে হইবে, ভোক্তা সাধারণকে অবহিত করিতে হইবে এবং ডিলার, মহাপরিচালক বা বিএসটিআই এর ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে নোটিশ জারীর মাধ্যমে এইরূপ মোড়কজাত পণ্যের মূল্য পুনঃনির্ধারণ সংক্রান্ত বিষয়টি অবহিত করিতে হইবে এবং অনুরূপভাবে মোড়কজাত পণ্যের মূল্য পুনঃনির্ধারণ কোনক্রমেই সংশ্লিষ্ট পণ্যের উপর পুনঃনির্ধারিত কর বা নূতনভাবে আরোপিত করের চেয়ে বেশী হইবে না ঃ

তবে শর্ত থাকে যে, কোন পণ্যের উপর আরোপিত করের হার বৃদ্ধি, বা নূতনভাবে আরোপিত কর, কোন আইনের অধীন আবশ্যিকভাবে প্রদেয় হইলে ঐরূপ পণ্যের মূল্য পুনঃনির্ধারণ সংক্রান্ত বিষয়ে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানের প্রয়োজন নাই ঃ

আরো শর্ত থাকে যে, যে সকল মোড়কে এই মর্মে উল্লেখ থাকে যে, সংশ্লিষ্ট পণ্য যে মাসে পূর্ব-মোড়কজাত করা হইয়াছে ঐ মাসেই উহার উপর আরোপিত বিদ্যমান করের হার পুনঃনির্ধারণ করা হইয়াছে বা নূতনভাবে উহার উপর কর আরোপ করা হইয়াছে, ঐ সকল মোড়কজাত পণ্য ব্যতীত অন্য কোন মোড়কজাত পণ্যের উপর খুচরা বিক্রয়কারী ডিলার পুনঃনির্ধারিত হারে মূল্য আদায় করিতে পারিবে না ঃ

আরো শর্ত থাকে যে, যে মাসে পণ্য পূর্বমোড়কজাত করা হইয়াছে সে মাস নির্বিশেষে, মোড়কের উপর উল্লিখিত পণ্যের মূল্য পুনঃনির্ধারিত মূল্যের চেয়ে কম হইলে খুচরা বিক্রয়কারী ডিলার বা অন্য কোন ব্যক্তি ঐ সকল মোড়কজাত পণ্যের ক্ষেত্রে পুনঃনির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্য আদায় করিতে পারিবেন না।

(৫) যে মোড়কে এই বিধিমালার অধীন উহা পূর্ব-মোড়কজাত করার মাস এবং বৎসর উল্লেখ করার প্রয়োজন নাই, সে মোড়কের ক্ষেত্রে উপ-বিধি (৩) এর বিধান প্রযোজ্য হইবে না।

(৬) কোন খুচরা বিক্রয়কারী ডিলার বা অন্য কোন ব্যক্তি, ক্ষেত্রমত, উৎপাদনকারী বা মোড়কজাতকারী কর্তৃক, মোড়কে উল্লিখিত খুচরা বিক্রয় মূল্য মুছিয়া ফেলা, ঝাপসা করা বা অন্য কোনভাবে পরিবর্তন করিতে পারিবেন না।

(৭) রেপিং এর উপর মুদ্রিত বিক্রয়মূল্য, উক্ত রেপিং মোড়কের উপর ব্যবহৃত হইলে, উৎপাদনকারী বা মোড়কজাতকারী কর্তৃক পরিবর্তন করা যাইবে না।

২১। **উৎপাদনকারী ও মোড়কজাতকারীর অধিক্ষেত্রাধীন মোড়কের পরিমাণ, ত্রুটি পরীক্ষা ও নির্ণয়ের পদ্ধতি।**—(১) কোন মোড়ক অথবা মোড়কের ব্যাচ এই বিধিমালার বিধান অনুযায়ী প্রস্তুত করা হইয়াছে কিনা তাহা নিশ্চিত করিবার উদ্দেশ্যে মহাপরিচালক বা অধ্যাদেশ এর ধারা ১৫ এর অধীনে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন ব্যক্তি (পরবর্তী এই বিধিতে "ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি" বলিয়া উল্লেখিত) উৎপাদনস্থল ও মোড়কজাতকরণস্থল পরিদর্শন করিতে পারিবেন। পণ্য উৎপাদনকারী অথবা উৎপাদনকারী যদি মোড়কজাতকারী না হন তবে মোড়কজাতকারীর অঙ্গন বা মোড়কজাতকরণস্থল পরিদর্শন করিতে পারিবেন এবং এইরূপ পরিদর্শনের সময় তিনি উক্ত মোড়ক হইতে, তফসিল-৭ এ উল্লেখিত পদ্ধতিতে নমুনা সংগ্রহ করিবেন এবং উক্ত পরিদর্শন তফসিল-৮ এ উল্লিখিত পদ্ধতির সাথে সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীনে পরিচালিত পরিদর্শনের বিস্তারিত প্রতিবেদন মহাপরিচালক অথবা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি নির্ধারিত ফরমে লিপিবদ্ধ করিবেন এবং উক্ত ফরমে উৎপাদকের অথবা মোড়কজাতকারীর স্বাক্ষর গ্রহন করিবেন। উৎপাদনকারী বা মোড়কজাতকারী কেহই উপস্থিত না থাকিলে বা তাহারা উভয়েই যদি স্বাক্ষর প্রদানে অস্বীকৃতি জ্ঞাপন করেন তাহা হইলে উপযুক্ত স্বাক্ষীর স্বাক্ষর গ্রহণ করিবেন। উক্তরূপ প্রতিবেদনের একটি অনুলিপি উৎপাদনকারী অথবা মোড়কজাতকারীকে প্রদান করিতে হইবে। উৎপাদনকারী বা মোড়কজাতকারী কেহই পরিদর্শনস্থানে উপস্থিত না থাকিলে, বা তাহারা কেহই প্রতিকেদনের অনুলিপি গ্রহণ করিতে সম্মত না হইলে পরিদর্শন স্থানের কোন প্রকাশ্য অংশে প্রতিবেদনের অনুলিপি সাঁটিয়া দিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীনে পরিচালিত পরিদর্শন ও পরীক্ষা শেষে যদি প্রমাণিত হয় যে, উক্ত মোড়ক যথাযথভাবে প্রস্তুত করা হয়নি এবং উহাতে ত্রুটি বিদ্যমান তবে তা চিহ্নিতকরণপূর্বক একটি প্রতিবেদন তৈরি করিতে হইবে এবং উক্ত প্রতিবেদনের একটি কপি উৎপাদনকারী অথবা মোড়কজাতকারীকে সরবরাহ করিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) এ উল্লিখিত প্রতিবেদন হইতে যদি প্রতীয়মান হয় যে,—

(ক) নমুনা হিসাবে সরবরাহকৃত মোড়কজাত পণ্যের সর্বমোট পরিমাণের পরিসংখ্যানকৃত গড় ঐ মোড়কে ঘোষণাকৃত পরিমাণের চেয়ে কম অথবা মোড়কের গায়ে সাঁটা লেবেলের চেয়ে কম; বা

(খ) মোড়কজাতকৃত পণ্যের পরিমাণের ক্রটি তফসিল-১ এর টেবিলের ৪নং কলামে উল্লিখিত সর্বাধিক অনুমোদিত ক্রটির চেয়ে বেশী; বা

(গ) কোন মোড়কের পণ্যের পরিমাণের ক্রটি সর্বাধিক অনুমোদিত ক্রটির দ্বিগুণের চেয়ে বেশী;

তাহা হইলে, উৎপাদনকারী বা মোড়কজাতকারী বা তদ্কর্তৃক মনোনীত ব্যক্তি কর্তৃক যথাযথ ও পর্যাপ্ত কারণে অনুরোধপ্রাপ্ত হইলে, মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি যত দ্রুত সম্ভব উহার নমুনা সংগ্রহ করিবেন এবং এই বিধিমালার বিধান অনুযায়ী উহা পুনরায় পরীক্ষা করিবেন। মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি যথার্থ বিবেচনায় উক্তরূপ পরীক্ষার ব্যয় পরিশোধের জন্য উৎপাদনকারী বা মোড়কজাতকারী বা মনোনীত ব্যক্তির নিকট হইতে অনধিক দশ হাজার টাকা আদায় করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, অনুরূপ পরীক্ষার ক্ষেত্রে এই বিধিমালার অধীনে ইতঃপূর্বে পরীক্ষিত কোন মোড়ক, উপ-বিধি (৫) ও (৬) এর বিধান পূরণ ব্যতিরেকে উৎপাদনকারী বা মোড়কজাতকারী কর্তৃত বিক্রয় অথবা বিতরণ করা যাইবে না।

(৫) (ক) এই বিধির অধীনে পরিচালিত যে কোন পরীক্ষার মাধ্যমে যদি প্রতীয়মান হয় যে, কোন ব্যাচের কোন মোড়ক অধ্যাদেশ অথবা এই বিধিমালার কোন বিধানের সাথে সম্পূর্ণ বা আংশিক অসংগতিপূর্ণ, তাহা হইলে উৎপাদনকারী বা মোড়কজাতকারীর উক্ত ব্যাচের সকল মোড়ক পরীক্ষা করাইতে হইবে, এবং অধ্যাদেশ ও বিধিমালার বিধানের সাথে সামঞ্জস্যপূর্ণ মোড়কসমূহ বাছাই করিতে হইবে।

(খ) মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, উৎপাদনকারী বা মোড়কজাতকারী কর্তৃক বাছাইকৃত মোড়কগুলো অধ্যাদেশ ও বিধির বিধানের সাথে সংগতিপূর্ণ তাহা হইলে তিনি ঐ মোড়কগুলো বিক্রয়, বিতরণ ও সরবরাহ করার অনুমতি প্রদান করিবেন।

(গ) উৎপাদনকারী এবং মোড়কজাতকারী কর্তৃত দফা (ক) এর অধীন পরিচালিত পরীক্ষার পরে যদি এইরূপ কোন মোড়ক পাওয়া যায় যাহা অধ্যাদেশ অথবা এই বিধিমালার বিধানের সাথে সম্পূর্ণ বা আংশিক অসংগতিপূর্ণ, তাহা হইলে, উক্তরূপ মোড়ক অধ্যাদেশ ও বিধিমালার বিধান অনুযায়ী পুনরায় মোড়কজাত, পুনঃপ্রক্রিয়াজাত এবং পুনঃনিদর্শনজাত না হওয়া পর্যন্ত বিক্রয়, বিতরণ, বা সরবরাহ করা যাইবে না।

(৬) একটি ব্যাচের সকল মোড়ক কেবল তখনই বিক্রয়ের জন্য অনুমোদন প্রদান করা হইবে যদি এই বিধিমালার অধীনে পরিচালিত পরীক্ষায় দেখা যায় যে,—

(ক) নমুনা হিসাবে সরবরাহকৃত মোড়কজাত পণ্যের সর্বমোট পরিমাণের পরিসংখ্যানকৃত গড় ঐ মোড়কের ঘোষণাকৃত পরিমাণের বা মোড়কের গায়ে সাঁটা লেবেলের সমান বা তার চেয়ে বেশী;

(খ) মোড়কজাতকৃত পণ্যের পরিমাণের ত্রুটি তফসিল-৭ এর টেবিলের ৪নং কলামে উল্লিখিত সর্বাধিক অনুমোদিত ত্রুটির চেয়ে বেশি নয়;

(গ) কোন মোড়কের পণ্যের পরিমাণের ত্রুটি নমুনা হিসাবে সরবরাহকৃত মোড়কের সর্বাধিক অনুমোদিত ত্রুটির চেয়ে বেশি নয়; বা

(ঘ) প্রতিটি মোড়কে বা মোড়কের গায়ে সাঁটা লেবেলে এই বিধিমালার অধীনে প্রয়োজনীয় ঘোষণাসমূহ রয়েছে।

২২। **উৎপাদনকারী ও মোড়কজাতকারীর অধিক্ষেত্রাধীন মোড়ক পরীক্ষা শেষে করণীয়।**—(১) বিধি ২১ এর উপ-বিধি (৩) এর অধীন প্রস্তুতকৃত প্রতিবেদন হইতে যদি এইরূপ প্রতীয়মান হয় যে,—

(ক) নমুনা হিসাবে সরবরাহকৃত মোড়কজাত পণ্যের সর্বমোট পরিমাণের পরিসংখ্যানকৃত গড় ঐ মোড়কের ঘোষণাকৃত পরিমাণের বা মোড়কের গায়ে সাঁটা লেবেলের পরিমাণের চেয়ে কম; বা

(খ) মোড়কজাতকৃত পণ্যের পরিমাণের ত্রুটি তফসিল-৮ এ উল্লিখিত সর্বাধিক গ্রহণযোগ্য ত্রুটির চেয়ে বেশি; বা

(গ) কোন মোড়কের পণ্যের পরিমাণের ত্রুটি নমুনা হিসাবে সরবরাহকৃত মোড়কের সর্বাধিক গ্রহণযোগ্য ত্রুটির চেয়ে বেশি; বা

(ঘ) কোন মোড়কে বা মোড়কের গায়ে সাঁটা লেবেলে এই বিধিমালার অধীনে প্রয়োজনীয় ঘোষণাসমূহ নাই।

তাহা হইলে মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি উৎপাদনকারী বা মোড়কজাতকারীর বিরুদ্ধে অধ্যাদেশের অধীন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, বিধি ২১ এর উপ-বিধি (৪) এর অধীনে নূতন পরীক্ষা পরিচালনার ক্ষেত্রে উক্তরূপ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাইবে না, কিন্তু এইরূপ নূতনভাবে পরিচালিত পরীক্ষার পরেও যদি এই উপ-বিধিতে উল্লিখিত কোন ত্রুটি বা বিচ্যুতি পরিলক্ষিত হয় তবে মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি উৎপাদনকারী বা মোড়কজাতকারীর বিরুদ্ধে অধ্যাদেশের অধীন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিবেন।

(২) মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি উপ-বিধি (১) এর অধীনে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের পূর্বে অধ্যাদেশের বিধান অনুযায়ী নমুনা হিসাবে সংগ্রহকৃত মোড়কসমূহ বাজেয়াপ্ত করিবেন এবং উপযুক্ত আদালতে সাক্ষ্য হিসাবে উপস্থাপনের পূর্ব পর্যন্ত বাজেয়াপ্তকৃত মোড়কসমূহের নিরাপদ হেফাজত নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৩) বাজেয়াপ্তকৃত মোড়কসমূহ বিধিমালার বিধান অনুযায়ী বিনষ্ট করিতে হইবে।

**২৩। পাইকারী বিক্রেতা বা খুচরা বিক্রেতার অধিক্ষেত্রাধীন পরীক্ষিত মোড়কসমূহের ক্ষেত্রে করণীয়।**—(১) মোড়কজাতকৃত পণ্যের পরিমাণ নির্ণয় সংক্রান্ত পরীক্ষা সাধারণত পাইকারী বিক্রেতা বা খুচরা বিক্রেতার অধিক্ষেত্রে পরিচালিত হইবে না, যদি না—

(ক) মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নিকট এই মর্মে অভিযোগ করা হয় যে, অভিযোগকারী ব্যক্তির নিকট বিক্রিত বা সরবরাহকৃত মোড়কজাতকৃত পণ্যের পরিমাণ মোড়কে ঘোষিত পরিমাণ অথবা মোড়কের গায়ে সাঁটা লেবেলে উল্লিখিত পরিমাণের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়; বা

(খ) মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির এই মর্মে সন্দেহ পোষণ করার যথেষ্ট কারণ থাকে যে, কোন মোড়ক বিকৃত করা হইয়াছে বা কোন মোড়কজাতপণ্য উহার মোড়কে ঘোষিত পরিমাণের চেয়ে কম বা মোড়কজাত পণ্যের পরিমাণের ক্ষেত্রে ত্রুটি রহিয়াছে; বা

(গ) মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির এই মর্মে সন্দেহ পোষণ করার যথেষ্ট কারণ থাকে যে, কোন মোড়ক অথবা উহার গায়ে সাঁটা নিদর্শন এই বিধিমালা অনুযায়ী প্রয়োজনীয় ঘোষণা প্রদর্শন করে না।

(২) উপ-বিধি (১) এর অধীনে পরিচালিত কোন পরীক্ষার ক্ষেত্রে মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি যাচাই করিয়া দেখিবেন যে, কোন মোড়কজাত পণ্য, মোড়কে উল্লিখিত পণ্যের পরিমাণ বা মোড়কের গায়ে সাঁটা নিদর্শনে উল্লিখিত পরিমাণের সাথে সঙ্গতিপূর্ণ কিনা, মোড়কজাত পণ্যের পরিমাণ ঘোষিত পরিমাণের চেয়ে কম কিনা এবং সেই ঘাটতি সর্বাধিক গ্রহণযোগ্য ত্রুটির চেয়ে বেশি কি না।

(৩) মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি যদি এই বিধির অধীনে পরিচালিত কোন পরীক্ষায় দেখিতে পান যে, সর্বাধিক গ্রহণযোগ্য ত্রুটির দ্বিগুণের চেয়ে বেশি ঘাটতিজনিত ত্রুটি সম্বলিত কোন মোড়ক খুচরা অথবা পাইকারী বিক্রেতার অধিক্ষেত্রে বিক্রয়, বিতরণ ও সরবরাহের জন্য সংরক্ষিত রহিয়াছে, তবে তিনি উক্ত মোড়ক বাজেয়াপ্ত করিবেন এবং খুচরা ও পাইকারী বিক্রেতার বিরুদ্ধে অধ্যাদেশ অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, যদি মোড়কের গায়ে মোড়কজাত করার তারিখ উল্লেখ থাকে এবং মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি প্রয়োজনীয় পরীক্ষা শেষে এই মর্মে সন্তুষ্ট হন যে, মোড়কে সংরক্ষিত সামগ্রীর পরিমাণগত ঘাটতি পরিবেশগত কারণে সংঘটিত হইয়াছে, তবে খুচরা অথবা পাইকারী বিক্রেতার বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাইবে না।

(৪) যদি এই বিধির অধীনে পরিচালিত কোন পরীক্ষায় এইরূপ প্রতীয়মান হয় যে, মোড়কজাতকৃত পণ্যের মোট পরিমাণ ঘোষিত পরিমাণের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং সর্বাধিক গ্রহণযোগ্য ত্রুটির চেয়ে বেশি ঘাটতি সম্বলিত নয়, তাহা হইলে খুচরা বিক্রেতা উক্তরূপ পণ্য পরীক্ষালব্ধ পরিমাণের ভিত্তিতে নির্ধারিত মূল্যে উহা স্বাধীনভাবে বিক্রয়, বিতরণ বা সরবরাহ করিতে পারিবেন।

(৫) যদি এই বিধির অধীনে পরিচালিত কোন পরীক্ষায় এইরূপ প্রতীয়মান হয় যে, কোন মোড়ক বা মোড়কের গায়ে সাঁটা লেবেল এই বিধিমালার অধীনে প্রয়োজনীয় ঘোষণা প্রদর্শন করে না, তাহা হইলে পাইকারী বা খুচরা বিক্রেতা কোন উৎস হইতে উক্ত মোড়ক সংগ্রহ করিয়াছেন মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি তাহা তদন্ত করিয়া দেখিবেন এবং খুচরা বা পাইকারী বিক্রেতার বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

২৪। **মোড়কের সর্বাধিক গ্রহণযোগ্য ত্রুটি নির্ণয়।**—(১) প্রথম তফসিলে উল্লিখিত পণ্য-সামগ্রীর ক্ষেত্রে সর্বাধিক গ্রহণযোগ্য ত্রুটির পরিমাণ হইবে উক্ত তফসিলের কলাম-২ এ উল্লিখিত পণ্য-সামগ্রীর ক্ষেত্রে উহার বিপরীতে কলাম-৩ এ উল্লিখিত পরিমাণ এবং প্রথম তফসিলে উল্লেখ করা হয়নি এইরূপ পণ্য- সামগ্রীর ক্ষেত্রে সর্বাধিক গ্রহণযোগ্য ত্রুটির পরিমাণ হইবে দ্বিতীয় তফসিলের বর্ণনা অনুযায়ী ঃ

তবে শর্ত থাকে যে, প্রথম তফসিলে উল্লেখ করা হয়নি এইরূপ পণ্য-সামগ্রীর সর্বাধিক গ্রহণযোগ্য ত্রুটির পরিমাণ মহাপরিচালক নির্ধারণ করিবেন এবং এইরূপ নির্ধারণের ক্ষেত্রে ঐ নির্দিষ্ট পণ্য-সামগ্রীর সর্বাধিক গ্রহণযোগ্য ত্রুটির পরিমাণ প্রথম তফসিলে উল্লিখিত হইয়াছে বলিয়া বিবেচিত হইবে।

(২) উপ-বিধি (১) অথবা উহার শর্তে উল্লিখিত পণ্য-সামগ্রির সর্বাধিক গ্রহণযোগ্য ত্রুটির পরিমাণ নির্ণয়ের লক্ষ্যে মহাপরিচালক যথাযথ স্থানে এবং যথাযথভাবে একটি সমন্বিত কর্মসূচি গ্রহণ করিবেন।

(৩) মোড়কজাত পণ্যের সর্বোচ্চ অনুমোদিত ত্রুটির পরিমাণ নির্ণয়ের ক্ষেত্রে নিম্নে উল্লিখিত কারণসমূহের মধ্যে যে সকল কারণে পণ্যের পরিমাণগত পরিবর্তন সাধিত হইতে পারে তাহা বিবেচনা করিতে হইবে, যথা ঃ—

(ক) মোড়কজাতকরণ প্রক্রিয়ায় প্রতিটি স্বতন্ত্র মোড়কের উপাদানসমূহ, ওজন, পরিমাপ ও গণনার ক্ষেত্রে এড়ানো সম্ভব নয় এইরূপ, পরিবর্তন;

(খ) ব্যবসা-বাণিজ্যের উদ্দেশ্যে মোড়কজাত পণ্য সরবরাহের পর আবহাওয়া, পরিবহন, সংরক্ষণ ইত্যাদি কারণে উহার অভ্যন্তরীণ ও বাহ্যিক পরিবর্তন; এবং

(গ) মোড়কজাত করার উপাদান ও ধারকের বৈশিষ্ট্যের কারণে পরিবর্তন।

(৪) মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কোন পণ্যের ক্ষেত্রে উহা মোড়কজাত করার সময় মোড়কে উল্লিখিত পণ্যের অনুমোদিত পরিমাণ সংক্রান্ত প্রয়োজনীয় ঘোষণা এবং পরিবেশগত কারণে উহার যৌক্তিক পরিবর্তনের পরিমাণ নির্ধারণ করিবেন।

২৫। **ত্রুটিপূর্ণ মোড়ক পুনঃমোড়কজাত অথবা ব্যর্থতায় বাজেয়াপ্তকরণ।**—(১) নমুনা মোড়কে ধারণকৃত পণ্যের পরিমাণ নির্ণয়ের সময় যদি মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নিকট প্রতীয়মান হয় যে, মোড়কে ধারণকৃত পণ্যের পরিমাণ মোড়কের ঘোষিত পরিমাণ অথবা মোড়কের গায়ে সাঁটা লেবেলে উল্লিখিত পরিমাণের সাথে সামঞ্জস্যপূর্ণ কিন্তু মোড়কটি ত্রুটিপূর্ণ, তবে তিনি উৎপাদনকারী বা মোড়কজাতকারীকে উহা পুনঃমোড়কজাতকরণ এবং পুনরায় লেবেলযুক্ত করার নির্দেশ প্রদান করিতে পারিবেন এবং উৎপাদনকারী বা মোড়কজাতকারী কর্তৃক উহা এই বিধিমালার অধীনে নির্ধারিত আদর্শ পন্থায় পুনঃমোড়কজাতকরণ এবং পুনরায় লেবেলযুক্ত করার ব্যর্থতার ক্ষেত্রে বা অস্বীকৃতির ক্ষেত্রে উক্তরূপ ত্রুটিযুক্ত মোড়ক বাজেয়াপ্ত করিতে পারিবেন এবং অধ্যাদেশ অনুযায়ী যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন এবং আদালতে সাক্ষ্য হিসাবে উপস্থাপিত হওয়ার পূর্ব পর্যন্ত উক্তরূপ মোড়ক নিরাপদে সংরক্ষণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবেন।

**ব্যাখ্যা ঃ** এই বিধিতে উল্লিখিত ক্রটিযুক্ত মোড়ক অর্থ এইরূপ মোড়ক যাহা উদ্দেশ্যপ্রণোদিতভাবে ভোক্তাকে উক্ত মোড়কে ধারণকৃত পণ্য-সামগ্রীর পরিমাণ সম্পর্কে অতিরঞ্জিত ও বিভ্রান্তিকর ধারণা প্রদানের উদ্দেশ্যে প্রস্তুত করা হইয়াছে, তবে উৎপাদনকারী বা মোড়কজাতকারী কর্তৃক যে সকল মোড়ক উহার ধারণকৃত পণ্য সামগ্রীর যথাযথ সংরক্ষণের উদ্দেশ্যে এবং মোড়কজাতকরণে ব্যবহৃত যন্ত্রের প্রয়োজনে ঐ মোড়কের কোন বড় সংস্করণ প্রয়োজন সেক্ষেত্রে এইরূপ মোড়ক ক্রটিপূর্ণ মোড়ক বলিয়া বিবেচিত হইবে না।

(২) বাজেয়াপ্ত মোড়কে ধারণকৃত পণ্য সামগ্রী দ্রুত ও প্রাকৃতিকভাবে পঁচনশীল হইলে মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি অধ্যাদেশের অধীন প্রণীত বিধিমালার বিধান অনুযায়ী উক্ত পণ্য-সামগ্রী সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

## পরিচ্ছেদ-৩

## পাইকারী বিক্রয়যোগ্য পণ্যের মোড়কের ক্ষেত্রে প্রযোজ্য বিধান

২৬। **পাইকারী বিক্রয়যোগ্য পণ্যের মোড়কের জন্য প্রয়োজনীয় ঘোষণা।**—(১) পাইকারী বিক্রয়যোগ্য পণ্যের প্রতিটি মোড়কে নিম্নরূপ বৈধ, সুনির্দিষ্ট, সাধারণ ও অর্থপূর্ণ ঘোষণা থাকিবে, যথা ঃ—

(ক) উৎপাদনকারীর নাম ও ঠিকানা এবং উৎপাদনকারী মোড়কজাতকারী না হইলে মোড়কজাতকারীর নাম ও ঠিকানা;

(খ) মোড়কজাত পণ্যের বিবরণ; এবং

(গ) পাইকারী বিক্রয়যোগ্য পণ্যের মোড়কে ধারণকৃত খুচরা মোড়কের মোট সংখ্যা অথবা পাইকারী বিক্রয়যোগ্য পণ্যের মোড়কে ধারণকৃত পণ্য-সামগ্রীর ওজন, পরিমাপ ও সংখ্যার বিবরণ ঃ

তবে শর্ত থাকে যে, পাইকারী বিক্রয়যোগ্য পণ্যের মোড়কের জন্য এই বিধিমালায় উল্লিখিত বিধানের ন্যায় অন্য কোন আইনের অধীন কোন ঘোষণার প্রয়োজন হইলে সেক্ষেত্রে এই বিধির কোন কিছুই পাইকারী বিক্রয়যোগ্য পণ্যের মোড়কের জন্য প্রযোজ্য হইবে না।

## পরিচ্ছেদ-৪

## মোড়কজাত পণ্য-সামগ্রী আমদানি ও রপ্তানি

২৭। **রপ্তানীযোগ্য মোড়কের ক্ষেত্রে ঘোষণা।**—(১) বিধি ৫ এ যাহা কিছু থাকুক না কেন প্রতিটি রপ্তানি মোড়কের প্রধান প্রদর্শনীতে নিম্নোক্ত বিষয়ে বৈধ এবং সুস্পষ্ট ঘোষণা থাকিতে হইবে, যথা ঃ—

(ক) ইহা রপ্তানির উদ্দেশ্যে প্রস্তুত করা হইয়াছে;

(খ) রপ্তানি মোড়কে ধারণকৃত পণ্য-সামগ্রীর পরিচিতি এবং উক্ত পণ্য-সামগ্রীর প্রকৃত ওজন, পরিমাপ ও সংখ্যা;

(গ) উৎপাদনকারীর নাম ও ঠিকানা, এবং উৎপাদনকারী মোড়কজাতকারী না হইলে মোড়কজাতকারীর নাম ও ঠিকানা।

(২) কোন রপ্তানি মোড়কে একই বা ভিন্ন ভিন্ন সামগ্রীর দুই বা ততোধিক পৃথক মোড়কজাত বা লেবেলযুক্ত পণ্য থাকিলে, এইরূপ রপ্তানি মোড়কের ক্ষেত্রে উহার প্রধান প্রদর্শনীতে নিম্নোক্ত বিষয়ে বৈধ এবং সুস্পষ্ট ঘোষণা থাকিতে হইবে, যথা ঃ—

(ক) পৃথকভাবে মোড়কজাত পণ্য-সামগ্রীর সংখ্যা ও বর্ণনা, এবং

(খ) পৃথক মোড়কে ধারণকৃত পণ্য-সামগ্রীর প্রকৃত ওজন, পরিমাণ বা সংখ্যা।

(৩) মহাপরিচালক বা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন ব্যক্তি রপ্তানি মোড়কের ওজন, পরিমাপ ও সংখ্যা সঠিক কিনা তাহা নিশ্চিত হওয়ার উদ্দেশ্যে রপ্তানি মোড়ক পরিদর্শন করিতে পারিবেন এবং মহাপরিচালক বা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি যদি মনে করেন যে, রপ্তানী মোড়কে প্রদত্ত ঘোষণা সঠিক নয় অথবা মিথ্যা, তবে তিনি বিষয়টি—

(ক) এইরূপ নিরীক্ষা (checking) যদি উৎপাদনকারী বা মোড়কজাতকারীর অধিক্ষেত্রে অনুষ্ঠিত হয় তবে—

(অ) যথাযথ শুল্ক কর্মকর্তাকে; এবং

(আ) সংশ্লিষ্ট পণ্য-সামগ্রীর রপ্তানি সংক্রান্ত প্রশাসনিক মন্ত্রণালয়কে,

(খ) এইরূপ নিরীক্ষা (checking) যদি শুল্ক দপ্তরে অথবা উহার সন্নিকটে অনুষ্ঠিত হয় তবে—

(অ) যথাযথ শুল্ক কর্মকর্তাকে; এবং

(আ) সংশ্লিষ্ট পণ্য-সামগ্রীর রপ্তানি সংক্রান্ত প্রশাসনিক মন্ত্রণালয়কে, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অবহিত করিবেন।

(৪) যে ব্যক্তির নিকট মোড়কজাত পণ্য-সামগ্রী রপ্তানি করা হইবে তিনি যদি, সংশ্লিষ্ট মোড়কে রপ্তানির উদ্দেশ্যে প্রস্তুত মর্মে অথবা উৎপাদনকারী বা মোড়কজাতকারীর নাম মোড়কে উল্লেখ থাকা সংক্রান্ত কোন নির্দেশনা উক্ত মোড়কে উল্লেখ থাকার বিষয়টি, পছন্দ না করেন তাহা হইলে, উৎপাদনকারী বা মোড়কজাতকারী কর্তৃক উপ-বিধি (২) এর দফা (ক) বা দফা (খ) বা উভয় দফার সাথে সামঞ্জস্য না রাখিয়া উক্তরূপ পণ্য-সামগ্রী মোড়কজাত করা বৈধ হইবে।

২৮। **রপ্তানি মোড়ক যে দেশে রপ্তানি হইবে সে দেশের আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ হইবে।**—প্রতিটি রপ্তানি মোড়ক যে দেশে রপ্তানির উদ্দেশ্যে প্রস্তুত করা হয় সে দেশের আইন, বিধি ও নিয়ম-কানুনের সাথে সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে।

২৯। **বাংলাদেশে রপ্তানি মোড়ক বিক্রির ক্ষেত্রে বাধা-নিষেধ।**—উৎপাদনকারী বা মোড়কজাতকারী কর্তৃক পরিচ্ছেদ-২ এর বিধান অনুযায়ী রপ্তানির উদ্দেশ্যে মোড়কজাতকৃত পণ্য-সামগ্রী পুনঃমোড়কজাত বা পুনঃ লেবেলযুক্ত না করিয়া বাংলাদেশে বিক্রয় করা যাইবে না। যদি রপ্তানির উদ্দেশ্যে মোড়কজাতকৃত পণ্য-সামগ্রী পুনঃমোড়কজাত বা পুনঃলেবেলযুক্ত না করিয়া বাংলাদেশে বিক্রয় করা হয় তাহা হইলে উক্তরূপ মোড়কজাতকৃত পণ্য এই অধ্যাদেশের বিধান অনুযায়ী বাজেয়াপ্ত করা হইবে।

৩০। **বাংলাদেশে আমদানীকৃত মোড়কজাত পণ্য-সামগ্রীর ক্ষেত্রে প্রযোজ্য বিধান।**—(১) বাংলাদেশে আমদানিকৃত পূর্ব-মোড়কজাত সকল পণ্য-সামগ্রীতে নিম্নরূপ ঘোষণা থাকিতে হইবে, যথা ঃ—

(ক) আমদানিকারকের নাম ও ঠিকানা (বাংলা এবং অন্য যে কোন ভাষায় লিখিত হইতে হইবে;

**ব্যাখ্যা-১** ঃ আমদানিকারক একজন ব্যক্তি, কোম্পানী বা ফার্ম হইবে, যাহার নাম আমদানিকারক হিসাবে বিল অব লেডিং বা আমদানি দলিলে উল্লেখ থাকিবে।

**ব্যাখ্যা-২** ঃ এই বিধির উদ্দেশ্যপূরণকল্পে আমদানিকারকের অধিক্ষেত্র বা ঠিকানা উৎপাদনকারী অথবা মোড়কজাতকারীর অধিক্ষেত্র বা ঠিকানা হিসাবে বিবেচিত হইবে।

(খ) মোড়কজাত পণ্য-সামগ্রীর বিশেষ বা সাধারণ নাম;

(গ) আদর্শ এককে (standard unit) ওজন ও পরিমাপের প্রকৃত পরিমাণ, যদি আমদানিকৃত মোড়কে মোড়কজাত পণ্যের প্রকৃত পরিমাণ অন্য এককে দেওয়া থাকে, তাহা হইলে আমদানিকারক কর্তৃক আদর্শ এককে উহার পরিমাণ উল্লেখ করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, তফসিল-৩ এ উল্লিখিত মোড়কজাত করার আদর্শ পরিমাণ আমদানিকৃত মোড়কের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না;

(ঘ) পণ্য সামগ্রী উৎপাদন, আমদানি ও মোড়কজাতকরণের মাস ও বৎসর; এবং

(ঙ) বিধি (২) এর দফা (ঙ) অনুযায়ী খুচরা বিক্রয় মূল্য।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রয়োজনীয় বাধ্যতামূলক ঘোষণার দায়িত্ব আমদানিকারকের;

(৩) আমদানিকারক কর্তৃক প্রদত্ত ঘোষণাসমূহ নিম্নোক্ত পদ্ধতিতে প্রদান করিতে হইবে, যথা ঃ—

(ক) মোড়কের গায়ে সতর্কভাবে সাঁটা লেবেলে সকল ঘোষণা মুদ্রিত আকারে হইতে হইবে; বা

(খ) সকল ঘোষণা একটি অতিরিক্ত মোড়কে প্রদানপূর্বক আমদানিকৃত মোড়কটি উক্ত অতিরিক্ত মোড়কে রাখা যাইতে পারে; বা

(গ) প্রতিটি মোড়কের গায়ে মুদ্রিত আকারে সকল ঘোষণা থাকিতে হইবে; বা

(ঘ) মোড়ক বা ধারকের গায়ে মুদ্রিত সাঁটা কার্ড অথবা টেপ এ প্রয়োজনীয় তথ্যসহ সকল ঘোষণা থাকিতে হইবে।

(৪) পরিচ্ছেদ-২ এর বিধি ১৪-১৮, বিধি ২০-২৫, পরিচ্ছেদ-৩ এর বিধি ২৬, পরিচ্ছেদ-৫ এর বিধি ৩১, পরিচ্ছেদ-৬ এর বিধি ৩২-৩৫ এবং পরিচ্ছেদ-৭ এর বিধি ৩৬ থেকে ৩৭ এর বিধান আমদানি মোড়কের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

## পরিচ্ছেদ-৫

## অব্যাহতি

৩১। **নির্দিষ্ট মোড়কের ক্ষেত্রে অব্যাহতি।**—পণ্য সমৃদ্ধ কোন মোড়কের ক্ষেত্রে এই বিধিমালার কোন কিছুই প্রযোজ্য হইবে না, যদি—

(ক) মোড়কে স্পষ্টভাবে উল্লেখ থাকে যে, উহা কোন শিল্প-কারখানার কাঁচামাল হিসাবে ব্যবহারের উদ্দেশ্যে বা কোন শিল্প-কারখানা বা খনিতে ব্যবহারের উদ্দেশ্যে বিশেষভাবে তৈরি ঃ

তবে শর্ত থাকে যে, নিম্নোক্ত ক্ষেত্রে এইরূপ অব্যাহতি প্রযোজ্য হইবে না, যথা ঃ—

(অ) তাঁতীর নিকট সরাসরি বিক্রিত সূতা;

(আ) কোন ওয়ার্কশপ, সার্ভিস স্টেশন, বা অন্য কোন স্থান যেখানে বাইসাইকেল, ত্রিচক্র যানবাহন বা মোটরচালিত যানবাহন সার্ভিসিং ও মেরামত করা হয়, সেখানে ব্যবহৃত কোন যন্ত্র, যন্ত্রাংশ বা কাঁচামাল;

(ই) ৫ কেজি বা ৫ লিটার বা উহার চেয়ে কম ধারণকৃত এবং খুচরা মূল্যে বিক্রির উদ্দেশ্যে প্রদর্শিত কোন মোড়ক;

(ঈ) সংখ্যা বা দৈর্ঘ্য হিসাবে বিক্রয়ের উদ্দেশ্যে রক্ষিত পণ্যসম্বলিত মোড়ক যাহা খুচরা মূল্যে বিক্রয়ের উদ্দেশ্যে প্রদর্শন করা হইয়াছে;

(খ) ২০ গ্রাম বা ২০ মিলিলিটার বা তার চেয়ে কম পরিমাণের পণ্যের ক্ষেত্রে উহা ওজন বা পরিমাণের ভিত্তিতে বিক্রয় হয় ঃ

তবে শর্ত থাকে যে, কোন ড্রাগ বা ঔষধ সম্বলিত মোড়কের ক্ষেত্রে এইরূপ অব্যাহতি প্রযোজ্য হইবে না ঃ

আরো শর্ত থাকে যে, ১০ গ্রাম থেকে ২০ গ্রাম অথবা ১০ মিলিলিটার থেকে ২০ মিলিলিটার পর্যন্ত মোড়কজাত পণ্যের ক্ষেত্রে মোড়কের উপর উহার সর্বাধিক খুচরা মূল্য এবং পরিমাণ সংক্রান্ত ঘোষণা থাকিতে হইবে;

(গ) যে কোন রেস্টুরেন্ট, হোটেল বা অনুরূপ অন্য কোন প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত ফাস্টফুড আইটেম সম্বলিত মোড়ক;

(ঘ) ড্রাগ (মূল্য নিয়ন্ত্রণ) আদেশ এর অধীনে মোড়কজাত যে কোন ড্রাগ; এবং

(ঙ) কোন কৃষি খামার কর্তৃক প্রস্তুতকৃত ৫০ কেজির অধিক ওজনের মোড়ক।

## পরিচ্ছেদ-৬

## উৎপাদনকারী এবং মোড়কজাতকারীদের নিবন্ধন

৩২। **উৎপাদনকারী এবং মোড়কজাতকারীদের নিবন্ধন।**—(১) প্রত্যেক ব্যক্তি, ফার্ম, পরিবার, সোসাইটি, কোম্পানী বা সংস্থা যিনি বা যাহারা পণ্য বিক্রয়, বিতরণ বা সরবরাহের উদ্দেশ্যে মোড়কজাত করিয়া থাকেন তিনি বা তাহারা পরিচালক (মেট্রোলজী) এর বরাবরে তাহার বা তাহাদের নাম এবং পূর্ণ ঠিকানা নিবন্ধনের উদ্দেশ্যে পাঁচশত টাকা ফিসহ আবেদন করিবেন এবং এইরূপ প্রতিটি আবেদন নিম্নোক্ত সময়সীমার মধ্যে করিতে হইবে, যথা ঃ—

(ক) আবেদনকারী এই বিধিমালা কার্যকরী হওয়ার পূর্ব হইতে কোন পণ্য মোড়কজাতকারী হইলে এই বিধিমালা কার্যকরী হওয়ার নব্বই দিনের মধ্যে; অথবা

(খ) আবেদনকারী এই বিধিমালা কার্যকরী হওয়ার পরে কোন পণ্য মোড়কজাতকরণ শুরু করিলে, মোড়কজাতকরণ শুরুর তারিখ হইতে নব্বই দিনের মধ্যে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত প্রতিটি আবেদনে নিম্নলিখিত তথ্যসমূহ থাকিতে হইবে, যথা ঃ—

(ক) আবেদনকারীর নাম;

(খ) আবেদনকারী কর্তৃক ইতঃপূর্বে এক বা একাধিক পণ্য মোড়কজাত করার স্থানের পূর্ণ ঠিকানা; এবং

(গ) আবেদনকারী কর্তৃক ইতঃপূর্বে মোড়কজাতকৃত পণ্যের নাম।

৩৩। **অস্থায়ী ঠিকানায় নিবন্ধনের বিধান।**—(১) কোন উৎপাদনকারী বা মোড়কজাতকারী পরিচালক (মেট্রোলজী) এর বরাবারে, বিধি ৩২ এর উপ-বিধি (২) এর অধীন স্থায়ী ঠিকানা ছাড়াও, অস্থায়ী ঠিকানায় নিবন্ধনের জন্য আবেদন করিতে পারিবেন।

(২) পরিচালক (মেট্রোলজী) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, উৎপাদনকারী বা মোড়কজাতকারীকে অস্থায়ী ঠিকানায় ভোক্তা বা অন্য কোন ব্যক্তি সহজে খুঁজিয়া পাইবেন তাহা হইলে তিনি উক্ত অস্থায়ী ঠিকানায় নিবন্ধন প্রদান করিতে পারিবেন।

(৩) পরিচালক (মেট্রোলজী) বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি যদি অস্থায়ী ঠিকানায় নিবন্ধন প্রদান করেন তাহা হইলে, উৎপাদনকারী বা মোড়কজাতকারী পূর্বে মোড়কজাতকৃত পণ্য-সামগ্রীতে উক্ত অস্থায়ী ঠিকানা ব্যবহার করিতে পারিবেন।

৩৪। **উৎপাদনকারী ও মোড়কজাতকারীদের রেজিস্টার ইত্যাদি।**—(১) পরিচালক (মেট্রোলজী) বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি নিজ উদ্যোগে উৎপাদনকারী ও মোড়কজাতকারীদের একটি রেজিস্টার সংরক্ষণ করিবেন যাহাতে বিধি ৩২ এর অধীনে নিবন্ধনের জন্য আবেদনকারী প্রত্যেক উৎপাদনকারী বা মোড়কজাতকারীর নাম ও পূর্ণ ঠিকানা থাকিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত তালিকা জনসাধারণের জ্ঞাতার্থে বিনা ফিতে প্রদর্শনের জন্য উপস্থাপন করিতে হইবে।

৩৫। **উৎপাদনকারী ও মোড়কজাতকারীদের তালিকা প্রস্তুত ও সরবরাহ।**—পরিচালক (মেট্রোলজী) বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বিধি ৩২ ও ৩৩ এর অধীন নিবন্ধনকৃত উৎপাদনকারী ও মোড়কজাতকারীদের একটি তালিকা প্রস্তুত করিবেন এবং উৎপাদনকারী ও মোড়কজাতকারীদের আঞ্চলিক এখতিয়ারাধীন নমুনা সংগ্রহকারীদের নিকট উহার কপি সরবরাহ করিবেন।

## পরিচ্ছেদ-৭

## দন্ড ও অব্যাহতি

৩৬। **বিধিমালা লংঘনের জন্য দণ্ড।**—যদি কোন ব্যক্তি এই বিধিমালার কোন বিধান লংঘন করেন, অথবা কোন মোড়কের কোন ঘোষণা এই বিধিমালার বিধান লংঘনপূর্বক বিকৃত, বিচ্যুতি বা পরিবর্তন করেন তবে তাহাকে অধ্যাদেশ এর বিধান অনুযায়ী জরিমানা করা যাইবে।

৩৭। **দণ্ড হইতে অব্যাহতি।**—সরকার এই বিধিমালার সকল অথবা যে কোন শর্ত শিথিল করিয়া, আবেদনে উল্লিখিত কারণে, যথার্থ বলিয়া বিবেচিত হইলে, উৎপাদনকারী বা মোড়কজাতকারীকে নিম্নে উল্লিখিত পূর্ব মোড়কজাতকৃত পণ্য-সামগ্রী বিক্রয় করিবার অনুমতি প্রদান করিতে পারিবে, যথা ঃ—

(ক) প্রারম্ভিক মোড়ক;

(খ) নবরূপে প্রবর্তিত মোড়ক;

(গ) পর্যবেক্ষণাধীন মোড়ক;

(ঘ) উৎসাহ প্রদানমূলক মোড়ক; এবং

(ঙ) আদালতের সিদ্ধান্ত বা অন্য কোন যৌক্তিক কারণে সংশোধনকৃত মোড়ক।

## তফসিল-১

[বিধি-২(খ)(১) দ্রষ্টব্য]

### কোন নির্দিষ্ট মোড়কে উল্লিখিত পণ্যের পরিমাণের ক্ষেত্রে সর্বোচ্চ গ্রহণযোগ্য ত্রুটির পরিমাণ

টেবিল

| ক্রমিক নং | পণ্যের বর্ণনা | ঘোষিত পরিমাণ | সর্বোচ্চ গ্রহণযোগ্য ত্রুটির পরিমাণ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | বিস্কুট | (১) ৫০০ গ্রাম এবং উহার সমপরিমাণ | ৭.০% |
| | | (২) ৫০০ গ্রামের উপরে | ৬.০% |
| ২। | পাউরুটি | (১) ৪০০ গ্রাম এবং উহার সমপরিমাণ | ৮.০% |
| | | (২) ৪০০ গ্রামের বেশি হইতে ৮০০ গ্রাম এবং উহার সমপরিমাণ পর্যন্ত | ৬.০% |
| | | (৩) ৮০০ গ্রামের বেশি হইতে ১২০০ গ্রাম এবং উহার সমপরিমাণ পর্যন্ত | ৪.০% |
| ৩। | ডিটারজেন্ট পাউডার এবং একই শ্রেণীর অন্যান্য পাউডার | (১) ১ কেজি এবং উহার সমপরিমাণ | ৫.০% |
| | | (২) ১ কেজির বেশি হইতে ৩ কেজি এবং উহার সমপরিমাণ পর্যন্ত | ৪.০% |
| | | (৩) ৩ কেজির বেশি | ১.৫% |
| ৪। | ফেস ক্রীম | (১) ২৫ গ্রাম এবং উহার সমপরিমাণ | ৪.০% |
| | | (২) ২৫ গ্রামের বেশি হইতে ১০০ গ্রাম এবং উহার সমপরিমাণ পর্যন্ত | ৩.৫% |
| | | (৩) ১০০ গ্রামের বেশি | ৩.০% |
| ৫। | ঘি, বনস্পতি এবং এডিবল ওয়েল | (১) ১ কেজি/লিটার এবং উহার সমপরিমাণ | ১.০% |
| | | (২) ১ কেজি/লিটারের বেশি হইতে ২ কেজি/লিটার পর্যন্ত | ০.৭৫% |
| | | (৩) ২ কেজি/লিটারের বেশি হইতে ৪ কেজি/লিটার এবং উহার সমপরিমাণ পর্যন্ত | ০.৬% |
| | | (৪) ৪ কেজি/লিটারের বেশি | ০.৩% |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ৬। | হেয়ার ক্রীম | (১) ১০০ গ্রাম এবং উহার সমপরিমাণ | ৫ গ্রাম |
| | | (২) ১০০ গ্রামের বেশি হইতে ২০০ গ্রাম এবং উহার সমপরিমাণ পর্যন্ত | ৫% বা ৭ গ্রাম যাহা কম হয় |
| | | (৩) ২০০ গ্রামের বেশি | ৫% বা ১০ গ্রাম যাহা কম হয় |
| ৭। | বাচ্চাদের খাবার, দুগ্ধজাত খাবারসহ | (১) ১০০ গ্রাম এবং উহার সমপরিমাণ | ৫.০% |
| | | (২) ১০০ গ্রাম হইতে ১ কেজি পর্যন্ত | ৪.০% |
| | | (৩) ৮০০ কেজির বেশি | ৩.০% |
| ৮। | তরল দুধ | (১) ১০০ মিলিলিটার এবং উহার সমপরিমাণ | ৫ মিলিলিটার |
| | | (২) ১০০ মিলিলিটারের বেশী হতে ২৫০ মিলিলিটার এবং উহার সমপরিমাণ পর্যন্ত | ৮ মিলিলিটার |
| | | (৩) ২৫০ মিলিলিটারের বেশি | ১০ মিলিলিটার |
| ৯। | পলিথিন ব্যাগ বা প্লাস্টিক ব্যাগ, খাদ্য শস্য, এডিবল সীডস, মশল্লা (আস্ত বা ভাংগা গুড়ো) গুড়ো পণ্য সামগ্রী (মরিচের গুড়ো, হলুদের গুড়ো, কফি পাউডার, ওয়াশিং সোডা, আটা, খাবার লবণ এবং এই প্রকৃতির অন্যান্য পণ্য) | (১) ১০০ গ্রাম এবং উহার সমপরিমাণ | ৩.০% |
| | | (২) ১০০ গ্রাম হতে ৫০০ গ্রাম এবং উহার সমপরিমাণ পর্যন্ত | ২.০% |
| | | (৩) ৫০০ গ্রাম এর বেশী হতে ১ কেজি এবং উহার সমপরিমাণ পর্যন্ত | ১.৫% |
| | | (৪) এক কেজির বেশী | ০.৭৫% |
| ১০। | নিরাপদ দিয়াশলাই বাক্স | (১) ৫০ শলাকা পর্যন্ত | ৪.০% |
| | | (২) ৫০ শলাকার বেশি | ৩.০% |
| ১১। | সেভিং-কেক/স্টিক | সকল পরিমাণের ক্ষেত্রে | ৩.০% |
| ১২। | সেভিং ক্রীম | (১) ৫০ গ্রাম এবং উহার সমপরিমাণ পর্যন্ত | ১ গ্রাম |
| | | (২) ৫০ গ্রাম থেকে ১০০ গ্রাম পর্যন্ত | ২ গ্রাম |
| ১৩। | সোপ চিপস | (১) ১ কেজি এবং উহার সমপরিমাণ পর্যন্ত | ১.০% |
| | | (২) ১ কেজির বেশি হইতে ৩ কেজি এবং উহার সমপরিমাণ পর্যন্ত | ০.৩% |
| | | (৩) ৩ কেজির বেশি | ০.২% |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ১৪। | টেলকম এবং ফেস পাউডার | (১) ৫০ গ্রাম এবং উহার সমপরিমাণ পর্যন্ত | ৬.৫% |
| | | (২) ৫০ গ্রামের বেশি হইতে ১০০ গ্রাম এবং উহার সমপরিমাণ পর্যন্ত | ৪.০% |
| | | (৩) ১০০ গ্রামের বেশি হইতে ৩০০ গ্রাম এবং উহার সমপরিমাণ পর্যন্ত | ৩.০% |
| | | (৪) ৩০০ গ্রামের বেশি | ২.৫% |
| ১৫। | চা | সকল পরিমাণের ক্ষেত্রে | ২.৫% |
| ১৬। | টয়লেট সোপ | সকল পরিমাণের ক্ষেত্রে | ৩.০% |
| ১৭। | টুথ পেস্ট | (১) ৫০ গ্রাম এবং উহার সমপরিমাণ পর্যন্ত | ৩.০% |
| | | (২) ৫০ গ্রামের বেশি হইতে ১২৫ গ্রাম এবং উহার সমপরিমাণ পর্যন্ত | ১.০% |
| | | (৩) ১২৫ গ্রামের বেশি | ২.০% |
| ১৮। | টুথ পাউডার | (১) ১০০ গ্রাম এবং উহার সমপরিমাণ পর্যন্ত | ৮.০% |
| | | (২) ১০০ গ্রামের বেশি | ৮.০% অথবা ১৫ গ্রাম যাহা কম হয় |
| ১৯। | কাপড় কাচা সাবান | (১) ১৫০ গ্রাম এবং উহার সমপরিমাণ পর্যন্ত | ৪.৫% |
| | | (২) ১৫০ গ্রামের বেশি হইতে ৩০০ গ্রাম এবং উহার সমপরিমাণ পর্যন্ত | ৪.০% |
| | | (৩) ৩০০ গ্রামের বেশি | ৩.০% |
| ২০। | লেখা ও প্রিন্ট করার কাগজ | সকল পরিমাণের ক্ষেত্রে | ২.৫% |
| ২১। | রেপিং পেপার | সকল পরিমাণের ক্ষেত্রে | ৫.০% |

## তফসিল-২

[বিধি-২(থ)(২) দ্রষ্টব্য]

### তফসিল-১এ অন্তর্ভুক্ত করা হয়নি এইরূপ মোড়কজাতকৃত পণ্যের পরিমাপের ক্ষেত্রে সর্বোচ্চ গ্রহণযোগ্য ক্রুটির পরিমাণ

১। ওজনের বা ভলিউমের ক্ষেত্রে পণ্যের পরিমাপ সংক্রান্ত ঘোষিত সর্বোচ্চ অনুমোদিত ক্রুটির পরিমাণ নিম্নরূপ, যথা ঃ—

(১) তফসিল-১এ অন্তর্ভুক্ত করা হয়নি এইরূপ মোড়কজাতকৃত যে কোন পণ্যের পরিমাপের ক্ষেত্রে সর্বোচ্চ গ্রহণযোগ্য ক্রুটির পরিমাণ, কম বা বেশি যাহাই হউক না কেন, নিম্নরূপ হইবে, যথা ঃ—

#### টেবিল-১

#### ওজন বা ভলিউমের ক্ষেত্রে পণ্যের পরিমাপ সংক্রান্ত ঘোষিত সর্বোচ্চ গ্রহণযোগ্য ক্রুটির পরিমাণ

| ক্রমিক নং | ঘোষিত পরিমাণ গ্রাম বা মিলিলিটার | সর্বোচ্চ গ্রহণযোগ্য ক্রুটির পরিমাণ (কম বা বেশি যাহাই হউক না কেন) | |
|---|---|---|---|
| | | ঘোষিত পরিমাণের শতকরা হার | গ্রাম বা মিলিলিটার |
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | ৫০ পর্যন্ত | ৯ | .. |
| ২। | ৫০ হইতে ১০০ পর্যন্ত | .. | ৪.৫ |
| ৩। | ১০০ হইতে ২০০ পর্যন্ত | ৪.৫ | .. |
| ৪। | ২০০ হইতে ৩০০ পর্যন্ত | .. | ৯ |
| ৫। | ৩০০ হইতে ৫০০ পর্যন্ত | ৩ | .. |
| ৬। | ৫০০ হইতে ১০০০ পর্যন্ত | .. | ১৫ |
| ৭। | ১০০০ হইতে ১০০০০ পর্যন্ত | ১.৫ | .. |
| ৮। | ১০০০০ হইতে ১৫০০০ পর্যন্ত | .. | ১৫০ |
| ৯। | ১৫০০০ এর বেশি | ১.০ | .. |

(২) ঘোষিত পরিমাণ ১০০০ গ্রাম বা মিলিলিটার এর ক্ষেত্রে উহার শতকরা হারে নির্ধারিত সর্বোচ্চ অনুমোদিত ক্রুটির পরিমাণ নিকটবর্তী গ্রাম বা মিলিলিটারের এক দশমাংশ পর্যন্ত গ্রহণযোগ্য হইবে।

২। দৈর্ঘ্য, আয়তন বা সংখ্যার ক্ষেত্রে পণ্যের পরিমাপ সংক্রান্ত ঘোষিত সর্বোচ্চ অনুমোদিত ক্রুটির পরিমাণ নিম্নরূপ, যথা ঃ—

(১) তফসিল-১এ অন্তর্ভুক্ত করা হয়নি এইরূপ মোড়কজাতকৃত যে কোন পণ্যের দৈর্ঘ্য, আয়তন বা সংখ্যার দিক থেকে পরিমাপের ক্ষেত্রে সর্বোচ্চ গ্রহণযোগ্য ক্রুটির পরিমাণ, কম বা বেশি যাহাই হউক না কেন, সে সম্পর্কে নিম্ন টেবিল-২ তে উল্লেখ করা হইল, যথা ঃ—

টেবিল-২

**দৈর্ঘ্য, আয়তন বা সংখ্যার ক্ষেত্রে পণ্যের পরিমাপ সংক্রান্ত ঘোষিত সর্বোচ্চ গ্রহণযোগ্য ক্রটির পরিমাণ**

| ক্রমিক নং | ঘোষিত পরিমাণ | সর্বোচ্চ গ্রহণযোগ্য ক্রটির পরিমাণ (কম বা বেশি যাহাই হউক না কেন) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১। | দৈর্ঘ্যের ক্ষেত্রে | ১০ মিটার পর্যন্ত ঘোষিত পরিমাণের ২% এবং এর বেশির ক্ষেত্রে ১% |
| ২। | আয়তনের ক্ষেত্রে | ১০ স্কয়ার মিটার পর্যন্ত ঘোষিত পরিমাণের ৪% এবং এর বেশির ক্ষেত্রে ১% |
| ৩। | সংখ্যার ক্ষেত্রে | ঘোষিত পরিমাণের ২% |

**তফসিল-৩**

**[বিধি-৪ দ্রষ্টব্য]**

**পণ্য মোড়কজাত করার নির্দিষ্ট পরিমাণ**

নিম্ন টেবিলের কলাম ২এ উল্লিখিত পণ্যসমূহ উহার বিপরীতে কলাম ৩এ উল্লিখিত পরিমাণ অনুযায়ী মোড়কজাত করিতে হইবে, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | পণ্য | মোড়কজাত করার পরিমাণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১। | শিশু খাদ্য | ২০০ গ্রাম, ৫০০ গ্রাম, ১ কেজি, ২ কেজি, ৫ কেজি এবং ১০ কেজি (যেসকল উৎপাদনকারী বা মোড়কজাতকারী ৪০০ গ্রামের মোড়কে শিশু খাদ্য মোড়কজাত করিতেছেন তাহারা এই বিধি সরকারী গেজেটে প্রকাশিত হইবার ১৮০ দিন পরে অনুরূপ পরিমাণে উহা আর মোড়কজাত করিতে পারিবেন না)। |
| ২। | মায়ের দুধের বিকল্প শিশু খাদ্য (Weaning food) | ২০০ গ্রাম, ৪০০ গ্রাম, ১ কেজি, ২ কেজি, ৫ কেজি এবং ১০ কেজি (যেসকল উৎপাদনকারী বা মোড়কজাতকারী ৫০০ গ্রামের মোড়কে মায়ের দুধের বিকল্প শিশু খাদ্য মোড়কজাত করিতেছেন তাহারা এই বিধি সরকারী গেজেটে প্রকাশিত হইবার ১৮০ দিন পরে অনুরূপ পরিমাণে উহা আর মোড়কজাত করিতে পারিবেন না)। |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ৩। | বিস্কুট | ২৫ গ্রাম, ৫০ গ্রাম, ৭৫ গ্রাম, ১০০ গ্রাম, ১৫০ গ্রাম, ২০০ গ্রাম, ২৫০ গ্রাম, ৩০০ গ্রাম এবং পরবর্তী ১০০ গ্রাম এর গুণিতক থেকে ১ কেজি পর্যন্ত। |
| ৪। | বাদামী ব্রেডসহ ব্রেড, তবে বান এর অন্তর্ভুক্ত হইবেনা | ১০০ গ্রাম এবং এর পরবর্তী ১০০ গ্রাম এর গুণিতক পর্যন্ত। |
| ৫। | মাখন এবং প্রাণী বা উদ্ভিদের চর্বি থেকে উৎপাদিত মাখনজাতীয় ভোজ্য পদার্থ (মারজারিন) | ২৫ গ্রাম, ৫০ গ্রাম, ৭৫ গ্রাম, ১০০ গ্রাম, ২০০ গ্রাম, ৫০০ গ্রাম, ১ কেজি, ২ কেজি, ৫ কেজি এবং পরবর্তী ৫ কেজি এর গুণিতক পর্যন্ত। |
| ৬। | খাদ্য শস্য এবং ডালজাতীয় খাদ্য | ১০০ গ্রাম, ২০০ গ্রাম, ৫০০ গ্রাম, ১ কেজি, ২ কেজি, ৫ কেজি এবং পরবর্তী ৫ কেজি এর গুণিতক পর্যন্ত। |
| ৭। | কফি | ২৫ গ্রাম, ৫০ গ্রাম, ১০০ গ্রাম, ২০০ গ্রাম, ৫০০ গ্রাম, ১ কেজি এবং পরবর্তী ১ কেজি এর গুণিতক পর্যন্ত। |
| ৮। | চা | ২৫ গ্রাম, ৫০ গ্রাম, ১০০ গ্রাম, ২৫০ গ্রাম, ৫০০ গ্রাম, ১ কেজি এবং পরবর্তী ১ কেজি এর গুণিতক পর্যন্ত। |
| ৯। | বেভারেজ প্রস্তুতের উপাদান | ২৫ গ্রাম, ৫০ গ্রাম, ১০০ গ্রাম, ২০০ গ্রাম, ৫০০ গ্রাম, ১ কেজি এবং পরবর্তী ১ কেজি এর গুণিতক পর্যন্ত। |
| ১০। | এডিবল ওয়েল, বনস্পতি, ঘি, বাটার ওয়েল | ৫০ গ্রাম, ১০০ গ্রাম, ২০০ গ্রাম, ৫০০ গ্রাম, ১ কেজি, ২ কেজি, ৫ কেজি এবং পরবর্তী ৫ কেজি এর গুণিতক পর্যন্ত। পরিমাণ ভলিউমে ঘোষণা করার ক্ষেত্রে এই সংখ্যা মিলিলিটার অথবা লিটারে উল্লেখ করিতে হইবে। |
| ১১। | গুড়ো দুধ | ৫০ গ্রামের নীচের ক্ষেত্রে কোন সীমাবদ্ধতা নেই, ৫০ গ্রাম, ১০০ গ্রাম, ২০০ গ্রাম, ৫০০ গ্রাম, ১ কেজি এবং পরবর্তী ৫ কেজি এর গুণিতক পর্যন্ত। |
| ১২। | সাবানবিহীন ডিটারজেন্ট (পাউডার) | ৫০ গ্রামের নীচের ক্ষেত্রে কোন সীমাবদ্ধতা নেই, ৫০ গ্রাম, ১০০ গ্রাম, ২০০ গ্রাম, ৫০০ গ্রাম, ৭০০ গ্রাম, ১ কেজি, ১.৫ কেজি, ২ কেজি এবং পরবর্তী ১ কেজি এর গুণিতক পর্যন্ত। |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ১৩। | চাল (গুড়া), আটা, ময়দা, সুজি | ১০০ গ্রাম, ২০০ গ্রাম, ৫০০ গ্রাম, ১ কেজি, ২ কেজি ৫ কেজি এবং পরবর্তী ৫ কেজি এর গুণিতক পর্যন্ত। |
| ১৪। | লবণ | ৫০ গ্রামের নীচের ক্ষেত্রে ১০ গ্রাম এর গুণিতক পর্যন্ত, ৫০ গ্রাম ১০০ গ্রাম, ২০০ গ্রাম, ৫০০ গ্রাম, ৭৫০ গ্রাম, ১ কেজি, ২ কেজি, ৫ কেজি এবং পরবর্তী ৫ কেজি এর গুণিতক পর্যন্ত। |
| ১৫। | সাবান ঃ (ক) লন্ড্রি সাবান | ৫০ গ্রাম, ৭৫ গ্রাম, ১০০ গ্রাম এবং পরবর্তী ৫০ গ্রাম এর গুণিতক পর্যন্ত। |
| | (খ) সাবান বিহীন ডিটারজেন্ট কেক এবং বার; | ৫০ গ্রাম, ৭৫ গ্রাম, ১০০ গ্রাম, ১২৫ গ্রাম, ১৫০ গ্রাম ২০০ গ্রাম, ২৫০ গ্রাম, ৩০০ গ্রাম এবং পরবর্তী ১০০ গ্রাম এর গুণিতক পর্যন্ত। |
| | (গ) টয়লেট সোপ, সকল প্রকার বাথ সোপসহ (কেক) | ২৫ গ্রাম, ৫০ গ্রাম, ৭৫ গ্রাম, ১০০ গ্রাম, ১২৫ গ্রাম, ১০০ গ্রাম এবং পরবর্তী ৫০ গ্রাম এর গুণিতক পর্যন্ত। |
| ১৬। | বায়বায়িত সফট ড্রিংকস এবং এলকোহলমুক্ত বেভারেজ | ১০০ মিলিলিটার, ১৫০ মিলিলিটার, ২০০ মিলিলিটার, ২৫০ মিলিলিটার, ৩০০ মিলিলিটার, ৩৩০ মিলিলিটার (কেবলমাত্র ক্যানের ক্ষেত্রে), ৫০০ মিলিলিটার, ৭৫০ মিলিলিটার, ১ লিটার, ১.৫ লিটার, ২ লিটার এবং পরবর্তী ১ লিটার এর গুণিতক ৫ লিটার পর্যন্ত। |
| ১৭। | ব্যাগ ভর্তি সিমেন্ট | ১ কেজি, ২ কেজি, ৫ কেজি, ১০ কেজি, ২০ কেজি, ২৫ কেজি এবং ৫০ কেজি। |
| ১৮। | রং, বার্ণিশ ইত্যাদি ঃ | |
| | (ক) রং (বার্ণিশ, বার্ণিশ পরিষ্কারের উপাদান, পেস্ট পেইন্ট অথবা সলিড এনামেল পেইন্ট ব্যতীত) ও অন্যান্য (সলিড পেইন্ট ব্যতীত) | ৫০ মিলিলিটার, ১০০ মিলিলিটার, ৫০০ মিলিলিটার, ১ লিটার, ২ লিটার, ৩ লিটার, ৪ লিটার, ৫ লিটার এবং পরবর্তী ৫ লিটার এর গুণিতক পর্যন্ত। |
| | (খ) পেস্ট পেইন্ট এবং সলিড রং | ৫০০ গ্রাম, ১ কেজি, ১.৫ কেজি, ২ কেজি, ৩ কেজি, ৫ কেজি, ৭ কেজি এবং পরবর্তী ৫ কেজি এর গুণিতক পর্যন্ত। |

নোটঃ এই তফসিলের কোন বিধান উহার কোন আইটেমের উপর আরোপিত কর আদায়ের ক্ষেত্রে বাধার সৃষ্টি করিবেনা।

## তফসিল-৪

### [বিধি-১০(৪) দ্রষ্টব্য]

নিম্ন টেবিলের উল্লিখিত পণ্যের পরিমাণ সংক্রান্ত ঘোষণা (ওজন বা ভলিউমের মাধ্যমে বিক্রয়ের ক্ষেত্রে) উহা মোড়কজাত করার সময় লিখিতভাবে উল্লেখ করিতে হইবে এবং পণ্য সংক্রান্ত অতিরিক্ত কোন তথ্য থাকিলে তদসংক্রান্ত লেবেল উহাতে সংযুক্ত করিতে হইবে।

### টেবিল

| ক্রমিক নং | পণ্যের নাম | মোড়কের উপর অতিরিক্ত তথ্য সংযুক্ত করিতে হইবে |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | এলকোহল জাতীয় পানীয় | মোড়কের উপর অতিরিক্ত তথ্য সংযুক্ত করিতে হইবে |
| ২। | পশু খাদ্য | ঐ |
| ৩। | হিং বা হিংগু (Asafoetida) | ঐ |
| ৪। | ব্রেড, বান এবং এই জাতীয় অন্যান্য পণ্য | ঐ |
| ৫। | মাখন, পনির এবং চিনাবাদামের তৈরি মাখন সদৃশ খাদ্য | ঐ |
| ৬। | কেক | ঐ |
| ৭। | কর্পূর | ঐ |
| ৮। | ক্রীম (দুধের ক্রীম ব্যতীত অন্যান্য ক্রীম) | ঐ |
| ৯। | সার | ঐ |
| ১০। | ফল | ঐ |
| ১১। | আইসক্রীম | ঐ |
| ১২। | বুননের সূতা (Knitting yarn) | ঐ |
| ১৩। | লোশন | ঐ |
| ১৪। | প্রাণী বা উদ্ভিদে চর্বি থেকে প্রস্তুত মাখন জাতীয় ভোজ্য পদার্থ (Margarine) | ঐ |
| ১৫। | সাবানমুক্ত ডিটারজেন্ট | ঐ |

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| ১৬। | শিশু বা রুগ্ন ব্যক্তিদের জন্য প্রস্তুত নরম খাবার | মোড়কের উপর অতিরিক্ত তথ্য সংযুক্ত করিতে হইবে |
| ১৭। | পাইপ তামাক | ঐ |
| ১৮। | টয়লেট সোপ ব্যতীত অন্য সকল ধরণের সোপ | ঐ |
| ১৯। | নস্যি (Snuff) | ঐ |
| ২০। | সুরা বা এলকোহলযুক্ত উৎপাদিত পণ্য | ঐ |
| ২১। | টয়লেট সোপ | ঐ |
| ২২। | সকল প্রকার বাথসোপ | ঐ |

## তফসিল-৫

### [বিধি-১১(২) দ্রষ্টব্য]

### বিধি ১১(২) তে উল্লিখিত ব্যতিক্রমসমূহ

নিম্ন টেবিলের কলাম-২ এ উল্লিখিত পণ্যসমূহ উহার বিপরীতে কলাম-৩ এ উল্লিখিত পদ্ধতিতে ওজন, পরিমাণ বা সংখ্যার ভিত্তিতে বিক্রয় করিতে হইবে, যথা ঃ—

**টেবিল**

| ক্রমিক নং | পণ্যের নাম | ঘোষিণাটি ওজন, পরিমাণ বা সংখ্যার ভিত্তিতে হইবে অথবা উভয় পদ্ধতিতে অথবা অন্য কোন পদ্ধতিতে হইবে |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | এরোসলের উৎপাদিত পণ্য | ওজন |
| ২। | তরল প্রকৃতির এসিড | ওজন অথবা ভলিউম |
| ৩। | কমপ্রেসড বা তরলাকৃতির গ্যাস (তরলাকৃতির পেট্রোলিয়াম গ্যাস নয়) | ওজন এবং সমমানের ভলিউম যাহা টেম্পারেচার এবং প্রেসার হিসাবে উল্লেখ থাকিবে |
| ৪। | দই | ওজন |
| ৫। | ইলেকট্রিক কেবল | দৈর্ঘ্য অথবা ওজন |
| ৬। | ইলেকট্রিক তার | দৈর্ঘ্য অথবা ওজন |

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| ৭। | বেড়া তৈরির তার (Fencing wire) | দৈর্ঘ্য অথবা ওজন |
| ৮। | সকল প্রকার ফল | সংখ্যা অথবা ওজন |
| ৯। | ফারনেস ওয়েল | ওজন অথবা ভলিউম |
| ১০। | ননএডিবল ভেজিটেবল ওয়েল | ওজন অথবা ভলিউম |
| ১১। | এডিবল ওয়েল, বনস্পতি, ঘি এবং বাটার ওয়েল | ওজন অথবা ভলিউম |
| ১২। | হেভি রিসিডিউয়াল ফুয়েল ওয়েল (Heavy residual fuel oil) | ওজন |
| ১৩। | ইন্ডাস্ট্রিয়াল ডিজেল ফুয়েল | ভলিউম |
| ১৪। | মধু, চোলাই মদ তৈরির নির্যাস, গোল্ডেন সিরাপ ট্রিক্যাল | ওজন |
| ১৫। | আইসক্রীম এবং অন্যান্য ফ্রোজেন প্রডাক্ট | ওজন অথবা ভলিউম |
| ১৬। | লিকুইড কেমিক্যাল | ওজন অথবা ভলিউম |
| ১৭। | লিকুইড পেট্রোলিয়াম গ্যাস | ওজন অথবা ভলিউম |
| ১৮। | নেইলস, কাঠের স্ক্রু | সংখ্যা অথবা ওজন |
| ১৯। | রং (পেস্ট পেইন্ট ও অন্যান্য সলিড পেইন্ট ব্যতীত), বার্ণিশ এবং বার্ণিশ পরিস্কার করার পদার্থ, এনামেলস | ভলিউম |
| ২০। | পেষ্ট পেইন্ট, সলিড পেইন্ট | ওজন |
| ২১। | রসগোল্লা, গোলাপজাম এবং অন্যান্য মিষ্টিজাত দ্রব্য | ওজন |
| ২২। | তৈরি পোশাক | সংখ্যা |
| ২৩। | সকল প্রকার সস | ওজন |
| ২৪। | টায়ার এবং টিউব | সংখ্যা |
| ২৫। | বুনন সূতা | ওজন অথবা বুনন সূতার দৈর্ঘ্য |
| ২৬। | প্রসাধনী যাহার মধ্যে ক্রীম, লোশন, শ্যাম্পু এবং পারফিউম অন্তর্ভুক্ত | ওজন অথবা ভলিউম |

## তফসিল-৬

[বিধি-১২(৫) দ্রষ্টব্য]

### বিধি ১২(৫) তে উল্লিখিত ব্যতিক্রমসমূহ

### সংখ্যার ভিত্তিতে বিক্রয়যোগ্য পণ্যের মোড়কজাতকরণ পদ্ধতি

যেক্ষেত্রে কোন পণ্য সংখ্যার ভিত্তিতে মোড়কজাত করা হয় সেক্ষেত্রে এই বিধিমালার অন্য কোথাও ভিন্নরূপ কোন কিছু উল্লেখ না থাকিলে নিম্নোক্ত পদ্ধতিতে উক্ত মোড়কসমূহ প্রস্তুত করিতে হইবে, যথা ঃ—

(ক) মোড়কের সংখ্যা ১০ এর কম হইলে—অখন্ড সংখ্যা অনুসারে হইবে (ভগ্নাংশ অনুসারে নয়);

(খ) মোড়কের সংখ্যা ১০ এর বেশী কিন্তু ১০০ এর কম হইলে—পাঁচ গুনিতক সংখ্যা অনুসারে হইবে;

(গ) মোড়কের সংখ্যা ১০০ এর বেশী কিন্তু ৫০০ এর কম হইলে দশ গুণিতক সংখ্যা অনুসারে হইবে;

(ঘ) মোড়কের সংখ্যা ৫০০ এর বেশী কিন্তু ১০০০ এর কম হইলে পঞ্চাশ গুণিতক সংখ্যা অনুসারে হইবে; এবং

(ঙ) মোড়কের সংখ্যা ১০০০ এর বেশী হইলে—একশত গুনিতক সংখ্যা অনুসারে হইবে।

## তফসিল-৭

( বিধি ২১ দ্রষ্টব্য )

### মোড়কের নমুনা বাছাইয়ের পদ্ধতি

১। মোড়কজাত কোন পণ্যের মোট পরিমাণ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে, নিম্ন টেবিলের কলাম ২ এ উল্লিখিত ব্যাচ সাইজ উহার বিপরীতে কলাম-৩ এ উল্লিখিত নমুনা সাইজের অনুরূপ হইবে, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | ব্যাচ সাইজ | নমুনা সাইজ | সর্বোচ্চ অনুমোদিত ত্রুটিপূর্ণ মোড়কের সংখ্যা (দুইয়ের কম সময়ের জন্য) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | ৪০০০ এর কম | ৩২ | ২ এর বেশী নয় |
| ২। | ৪০০০ এর বেশী | ৮০ | ৪ এর বেশী নয় |

২। দফা (৩) এবং (৪) এ নির্ধারিত পদ্ধতিতে র‍্যানডম ভিত্তিতে নমুনা বাছাই করিতে হইবে।

৩। মোড়কজাত কোন পণ্যের প্রকৃত পরিমাণ (net quantity) সম্পর্কে সিদ্ধান্ত গহণের ক্ষেত্রে, উৎপাদনকারী বা মোড়কজাতকারী কর্তৃক ওয়্যার হাউজ, গোডাউন, বা অন্য কোন স্থানে সংরক্ষিত মোড়ক হইতে র‍্যানডম ভিত্তিতে ব্যাচ হইতে উহার উপর, নিচ, ডান, বাম, মধ্যস্থল হইতে নমুনা সংগ্রহ করিতে হইবে যাহাতে উক্তরূপ সংগৃহীত মোড়কের দ্বারা উক্ত ব্যাচের সকল মোড়ক সম্পর্কে সুস্পস্ট ধারণা লাভ করা যায়।

৪। মোড়কজাত কোন পণ্যের মোট পরিমাণ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে উক্তরূপ পণ্য মোড়কজাতকরণ স্থল হইতে নমুনা সংগ্রহের ক্ষেত্রে, উক্তরূপ নমুনা ইতোমধ্যে মোড়কজাত করা হইয়াছে এবং মোড়কজাত করা হয়নি, এইরূপ সকল ধরনের পণ্যের মধ্য হইতে নমুনা সংগ্রহ করিতে হইবে; প্রয়োজনীয় সংখ্যক শূন্য কন্টেইনার সংগ্রহ করিতে হইবে এবং প্রতিটি কন্টেইনারকে যথাযথভাবে চিহ্নিত করিবার উদ্দেশ্যে চিহ্ন প্রদান করিতে হইবে এবং প্রতিটি শূন্য কন্টেইনারের ওজন ভালভাবে নোট করিতে হইবে, অতঃপর উক্ত শূন্য ও চিহ্নিত কন্টেইনারগুলোকে মোড়কজাতকরণ প্রক্রিয়ার র‍্যানডম পদ্ধতিতে প্রদান করিতে হইবে। এইভাবে মোড়কজাত করিবার পর উহার প্রকৃতি পরিমাণ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা যাইবে।

**ব্যাখ্যা** ঃ এই তফসিলে "নমুনা সাইজ" অর্থ নমুনা হিসাবে সংগৃহীত মোড়কের সংখ্যা।

## তফসিল-৮

[ বিধি ২১ দ্রষ্টব্য ]

## মোড়কজাত পণ্যের প্রকৃতি পরিমাণ নির্ধারণ

### অংশ-১

### যন্ত্রপাতি

১। **প্রয়োজনীয় যন্ত্রপাতি**।—(১) কোন মোড়কজাত পণ্যের প্রকৃতি পরিমাণ নিধারণের লক্ষ্যে পরিচালক (মেট্রোলজী) বা ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন ব্যক্তিকে কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনীয় যন্ত্রপাতি ও সুযোগ সুবিধা প্রদান করিতে হইবে, যাহাতে তিনি দক্ষতার সাথে তাহার উপর অর্পিত দায়িত্ব পালন করিতে পারেন।

(২) উপ-দফা (১) এ উল্লিখিত যন্ত্রপাতি কর্মক্ষমতা সম্পন্ন (working standards), ওজন এবং ওজন যন্ত্র সম্পৃক্ত, বা পরিচালক (মেট্রোলজী) কর্তৃক ঘোষিত ওজন ও পরিমাণ সম্মলিত হইবে, যাহা সংশ্লিষ্ট মোড়কের মোট পরিমাণ সম্পর্কে যথাযথভাবে নিশ্চিত হওয়ার জন্য উপযুক্ত হইবে।

(৩) পরিচালক (মেট্রোলজীর) বা ক্ষমতাপ্রাপ্ত অপর কোন ব্যক্তি কোন মোড়কজাত পণ্যের প্রকৃতি পরিমাণ সম্পর্কে মান নিশ্চিত হওয়ার পূর্বে, উক্তরূপ কাজের যন্ত্রপাতি যথাযথভাবে কাজ করিতেছে কিনা সেই বিষয়ে নিশ্চিত হইবেন।

২। **প্রাত্যহিক ব্যবহার্য কাজের মান (Working standards)**।—মোড়কের গায়ে ঘোষিত বা উল্লিখিত পণ্যের প্রকৃতি পরিমাণ এবং উহার মধ্যকার পণ্যের পরিমাণের কোন ত্রুটি, যদি থাকে, সে সম্পর্কে নিশ্চিত হওয়ার লক্ষ্যে পরিচালিত কার্যক্রমের ক্ষেত্রে উক্তরূপ কাজের মান এবং অন্যান্য ওজন ও পরিমাণ যথাযথভাবে পরীক্ষা করিতে হইবে ঃ

শর্ত থাকে যে, উৎপাদনকারী, মোড়কজাতকারী, বা পাইকারী বিক্রয়কারী ডিলার, প্রযোজ্য ক্ষেত্রে, কর্তৃক ব্যবহার্য, ওজন বা ওজন যন্ত্র ব্যবহারের পূর্বে পরীক্ষা করিয়া নিতে হইবে, এবং অনুরূপ ওজন বা ওজন যন্ত্রের ত্রুটি মোড়কজাত পণ্যের সর্বোচ্চ অনুমোদিত ২০% ত্রুটির বা তার চেয়ে কম না হইলে ব্যবহার করা যাইবেনা।

৩। **কার্য সম্পাদনে সহায়তা করা**।—পরিচালক (মেট্রোলজী) বা অন্য কোন ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে তাহাদের দায়িত্ব সুষ্ঠুভাবে পালনে সহায়তা করা প্রত্যেক উৎপাদনকারী, মোড়কজাতকারী বা পাইকারী বিক্রয়কারী ডিলারের দায়িত্ব।

৪। **মোড়কজাত পণ্যের পরিমাণ নির্ধারণের ক্ষেত্রে ওজন, পরিমাপ যন্ত্র বা অন্য কোন যন্ত্রপাতি ব্যবহার ইত্যাদি**।—উৎপাদনকারী, মোড়কজাতকারী বা পাইকারী বিক্রয়কারী ডিলার এর মালিকানাধীন কোন ওজন বা ওজন যন্ত্র বা অন্য কোন যন্ত্রপাতি পরিচালক (মেট্রোলজী) বা অন্য কোন ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক কোন মোড়কজাত পণ্যের প্রকৃত পরিমাণ নির্ধারণের উদ্দেশ্যে ব্যবহৃত হইলে উক্তরূপ ওজন, পরিমাণ যন্ত্র বা অন্য কোন যন্ত্রপাতি তাহার কাজ শেষ না হওয়া পর্যন্ত পরিচালক (মেট্রোলজী) বা ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন ব্যক্তি কর্তৃক উহার মালিক বা ব্যবহারকারীকে ফেরত প্রদান করা যাইবে না।

## অংশ-২

## উৎপাদনকারী বা মোড়কজাতকারীর অধিক্ষেত্রে (Premises) পণ্যের পরিমাণ এবং ত্রুটি নির্ধারণ সংক্রান্ত নির্দেশনা

১। **উৎপাদনকারী বা মোড়কজাতকারীর অধিক্ষেত্রে ওজনের ভিত্তিতে পণ্যের পরিমাণ নির্ধারণ পদ্ধতি**।—(১) যদি পণ্য-সামগ্রী বিহীন শূন্য মোড়ক পাওয়া যায় তবে ঐরূপ ১০টি শূন্য মোড়ক গ্রহণ করিতে হইবে এবং উক্ত মোড়ক পরিমাণমত কর্তনপূর্বক উহাতে পণ্য ভর্তি করিয়া উহার ওজন নিতে হইবে। অতঃপর একটি শূন্য মোড়কের ওজন নিয়ে উক্তরূপ মোড়কজাত পণ্য হইতে মোড়কের ওজন বাদ দিয়ে মোড়কজাত পণ্যের ওজন নির্ধারণ করিতে হইবে।

(২) পণ্য সামগ্রী বিহীন শূন্য মোড়ক পাওয়া না গেলে একটি নমুনা মোড়ক খুলিয়া উক্ত শূন্য মোড়ক ও উহার অন্তঃস্থ পণ্য সামগ্রীর প্রকৃতি ওজন নির্ধারণ করিতে হইবে। শূন্য মোড়কের ওজন সংশ্লিষ্ট পণ্য সামগ্রীর প্রকৃত পরিমাণের সর্বোচ্চ অনুমোদিত ত্রুটির সমান বা উহার তিন দশমাংশের কম হইলে, ধরিয়া নিতে হইবে যে, শূন্য মোড়কের নির্ধারিত ওজন নমুনা হিসাবে সংগৃহীত অন্যান্য মোড়কের সমমানের এবং অন্যান্য মোড়কসমূহ সর্বমোট ওজন নির্ধারণের উদ্দেশ্যে ওজন করিতে হইবে; অতঃপর প্রত্যেক মোড়কজাত পণ্যের প্রকৃত ওজন শূন্য মোড়কের ওজন হইতে বিয়োজন করিয়া উক্ত মোড়কজাত পণ্যের মোট ওজন নির্ধারণ করিতে হইবে।

(৩) উপ-দফা (২) অনুযায়ী নির্ধারিত, শূন্য মোড়কের ওজন সংশ্লিষ্ট পণ্যের জন্য নির্ধারিত সর্বোচ্চ গ্রহণযোগ্য ত্রুটির তিন-দশমাংশের অধিক হইলে, নমুনা হিসাবে সংগ্রহীত মোড়ক হইতে আরো চারটি মোড়ক খুলিতে হইবে, অতঃপর উক্ত মোড়কজাত পণ্যের ওজন এবং শূন্য মোড়কের ওজন নির্ধারণ করিতে হইবে। যদি নমুনা হিসাবে সংগৃহীত ৫টি মোড়কের গড় সর্বোচ্চ ওজন ও সর্বনিম্ন ওজনের মধ্যকার পার্থক্য সংশ্লিষ্ট পণ্যের জন্য নির্ধারিত মোট ওজনের সর্বোচ্চ গ্রহণযোগ্য ত্রুটির সমান বা চার দশমাংশের কম হয় তবে উক্তরূপ শূন্য মোড়কের ওজন আংকিক নিয়মে বাকি ৫টি শূন্য মোড়কের সমান বলিয়া বিবেচিত হইবে। অতঃপর নমুনা সংগৃহীত মোড়কের সর্বমোট ওজন নির্ধারণের লক্ষ্যে শূন্য মোড়কের ওজন মোড়কজাত পণ্যের ওজন হইতে বিয়োজন করিতে হইবে।

(৪) উপ-দফা (২) এর বিধান মোতাবেক প্রথম মোড়ক পরীক্ষা করিয়া যদি দেখা যায় যে, শূন্য মোড়কের ওজন উপ-দফা (২) এবং (৩) এ নির্ধারিত সীমা অতিক্রম করিয়াছে এবং নমুনা হিসাবে সংগৃহীত অবশিষ্ট মোড়কসমূহ খোলা ব্যাতিরেকে উক্তরূপ মোড়কজাত পণ্যের প্রকৃতি পরিমাণ নির্ধারণ করা সম্ভব নয় বা উপ-দফা (৫) এ উল্লিখিত পদ্ধতি অনুসরণ করা সম্ভব নয়, তবে তফসিল-৭ এ উল্লিখিত টেবিলের কলাম (৩) এ নির্ধারিত নমুনার হিসাবে কলাম (২) এ নির্ধারিত ব্যাচ সাইজ ভালভাবে পরীক্ষা করিতে হইবে এবং নমুনা হিসাবে সংগৃহীত সকল মোড়ক খুলিয়া উক্তরূপ মোড়কজাত পণ্যের প্রকৃত পরিমাণ নির্ধারণ করিতে হইবে।

(৫) মোড়কজাত পণ্যের মোট প্রকৃত পরিমাণ নির্ধারিত পদ্ধতি কষ্টসাধ্য হইলে, এবং শূন্য মোড়কসমূহ, উহার ফলাফলকে ক্ষুণ্ন না করিয়া, মোড়ক প্রক্রিয়াজাত করার লক্ষ্যে ফেরৎ প্রদান করা সম্ভব হইলে, অনুরূপ কর্মকান্ড সম্পাদনের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা ঃ—

(ক) তফসিল-৭ এর কলাম (২) এবং (৩) এ নির্ধারিত ব্যাচ সাইজের ভিত্তিতে শূন্য মোড়কের সংখ্যা নির্ধারিত করিতে হইবে;

(খ) শূন্য মোড়কসমূহ অন্যান্য প্যাকেট হইতে পৃথক করিবার উদ্দেশ্যে উহাতে চিহ্ন প্রদান করিতে হইবে;

(গ) শূন্য মোড়কের ওজন, এবং উহাতে পণ্য প্রবেশের পরে অন্য যে সকল অংশ অন্তর্ভুক্ত করা হয়, উহা নির্ধারিত করিতে হইবে এবং শূন্য মোড়কে ভালভাবে উহার ওজন লিখিয়া রাখিতে হইবে এবং তফসিল-৯ তে উল্লিখিত সুনির্দিষ্ট ফরমেও উহা উল্লেখ করিতে হইবে;

(ঘ) অতঃপর শূন্য মোড়ক, মোড়কজাতকরণ প্রক্রিয়ায় র‍্যানডম পদ্ধতিতে পণ্য ভর্তিকরণ করা হইবে, এবং অনুরূপ ভর্তিকরণের সময় হইতে উহার মেয়াদ ব্যাচের নির্ধারিত সাইজ অনুযায়ী উল্লেখ করিতে হইবে;

(ঙ) উক্তরূপ চিহ্নিত মোড়কসমূহ ভর্তিকরণ ও সীলজাত করার পরে প্রয়োজনীয় যথার্থতা নিরূপণের উদ্দেশ্যে পুনরায় পরিমাপ করিতে হইবে; এবং

(চ) উপ-দফা (৫)(গ) তে নির্ধারিত পদ্ধতিতে নিরূপণকৃত শূন্য মোড়কের ওজন মোড়কজাত পণ্যের ওজন হইতে বাদ দিয়ে উহার মোট পরিমাণ নিরূপণ করিতে হইবে।

(৬) পরিচালক (মেট্রোলজী) বা অন্য কোন ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি তফসিল-৯ তে নির্ধারিত ফরমে তদকর্তৃক পরীক্ষার ভিত্তিতে নিরূপণকৃত গ্রোস ওজন, মোট ওজন এবং শূন্য মোড়কের ওজন সম্পর্কে লিপিবদ্ধ করিবেন এবং উক্তরূপ পরীক্ষা সম্পর্কে তাহার কোন মতামত থাকিলে তাহারও উল্লেখ করিবেন।

৪। **ভলিউমের ভিত্তিতে তরল পণ্যের পরিমাণ নির্ধারণ।**—(১) বিশেষ ধরনের তরল পণ্য ব্যাচের জন্য পর্যাপ্ত সতর্কতার সাথে মোড়কজাতকরণ করা হইলে এবং সহজেই উহার বিশেষত্ব নির্ধারণ করা সম্ভব হইলে, উহার মোট পরিমাণ নির্ধারণের ক্ষেত্রে দফা ৩ এ উল্লিখিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

(২) যদি উপ-দফা (১) এ উল্লিখিত পদ্ধতি বাস্তবায়নযোগ্য না হয় তবে কন্টেইনার খুলিতে হইবে এবং প্রতিটি মোড়কের উপাদান সর্তকতার সাথে বাহির করিয়া যথাযথ বলিউম অনুযায়ী রাখিতে হইবে।

(৩) প্রতিটি মোড়কের পণ্যের প্রকৃত মোট ভলিউমের হিসাব সতর্কতার সাথে নোট করিতে হইবে এবং তফসিল-৯ এ নির্ধারিত ফরমে উহা উল্লেখ করিতে হইবে।

৫। **পণ্যের দৈর্ঘ্য পরীক্ষা।**—(১) পণ্যের দৈর্ঘ্য পরীক্ষার উদ্দেশ্যে উহা নমুনা তফসিল-৭ এ উল্লিখিত পদ্ধতিতে সংগ্রহ করিতে হইবে।

(২) মোড়ক খোলা ব্যতিরেকে উহার মধ্যকার পণ্যের আয়তন সম্পর্কে ধারণা লাভ করা না গেলে উক্তরূপ মোড়ক খুলিতে হইবে।

(৩) পণ্যের দৈর্ঘ্য স্টীলের দাগকাটা ট্যাপ দ্বারা যথাযথবাবে পরিমাণ করিতে হইবে।

(৪) যদি স্টীলের দাগকাটা ট্যাপ দ্বারা পণ্যের প্রকৃত দৈর্ঘ্য পরিমাণ করা সম্ভব না হয় এবং প্রকৃত দৈর্ঘ্য পরিমাপক যন্ত্রপাতি সহজলভ্য হয় তবে ঐরূপ যন্ত্রপাতি দ্বারা উক্তরূপ পণ্যের যথাযথ দৈর্ঘ্য পরিমাপ করিতে হইবে।

(৫) প্রতিটি মোড়কের পণ্যের প্রকৃত দৈঘ্য সংক্রান্ত বিবরণ সতর্কতার সাথে তফসিল-৯তে নির্ধারিত ফরমে উল্লেখ করিতে হইবে।

## তফসিল-৯

### ফরম-ক

### ওজন পরীক্ষা সংক্রান্ত তথ্য বিবরণী

| | | | |
|---|---|---|---|
| ১। | মোড়ক সংক্রান্ত তথ্য | প্রস্তুতকারীর/মোড়কজাতকারীর নাম<br>ঠিকানা .........মূল্য ..........মাস..........বৎসর | |
| ২। | পণ্যের প্রকারভেদ | লট সাইজ<br>তফসিল-১/১২<br>শ্রেণী এ/বি<br>শতকরা হারে সর্বোচ্চ অনুমোদিত ক্রটির পরিমাণ | নমুনার আকৃতি |
| ৩। | ওজন পরীক্ষা সংক্রান্ত তথ্য | নমুনা নং-গ্রোস ওজন -মোড়কের ওজন ব্যতিরেকে ওজন- নেটওজন/ক্রটি | মন্তব্য |
| ৪। | ফলাফল | ঘোষণা | গড় ওজন |
| ৫। | | আইন এবং উহার অধীন প্রণীত বিধিমালার বিধান অনুসারে প্রয়োজনীয় ঘোষণা | |
| ৬। | | ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষর | প্রস্তুতকারক/<br>মোড়কজাতকারীর নাম ও স্বাক্ষর/প্রস্তুতকারী কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন ব্যক্তির নাম ও স্বাক্ষর |

**বিঃ দ্রঃ** তথ্য বিবরণীর ক্ষেত্রে একাধিক পৃষ্ঠার প্রয়োজন হইলে প্রতি পৃষ্ঠায় ৬নং ক্রমিকে উল্লিখিত ব্যক্তির স্বাক্ষর থাকিতে হইবে।

**ফরম-খ**

## ভলিউম/দৈর্ঘ্য পরীক্ষা সংক্রান্ত তথ্য বিবরণী

| | | | |
|---|---|---|---|
| ১। | মোড়ক সংক্রান্ত তথ্য | প্রস্তুতকারীর/মোড়কজাতকারীর নাম<br>ঠিকানা .........মূল্য ..........মাস..........বৎসর | |
| ২। | পণ্যের প্রকারভেদ | লট সাইজ<br>তফসিল-১/১২<br>শ্রেণী এ/বি<br>শতকরা হারে সর্বোচ্চ অনুমোদিত ত্রুটির পরিমাণ | নমুনার আকৃতি<br>সময় |
| ৩। | ভলিউম/দৈর্ঘ্য পরীক্ষা সংক্রান্ত তথ্য | নমুনা নং- নেট ভলিউম/দৈর্ঘ্য-- ত্রুটি<br>১<br>২০০ | মন্তব্য |
| ৪। | ফলাফল | ঘোষণাকৃত ভলিউম/দৈর্ঘ্য | গড় ভলিউম/দৈর্ঘ্য |
| ৫। | | আইন এবং উহার অধীন প্রণীত বিধিমালার বিধান অনুসারে প্রয়োজনীয় ঘোষণা | |
| ৬। | | ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষর<br>পদবী ঃ<br>তারিখ ঃ<br>সময়ঃ | প্রস্তুতকারক/ মোড়কজাতকারীর নাম ও স্বাক্ষর/প্রস্তুতকারী কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন ব্যক্তির নাম ও স্বাক্ষর<br>স্থানঃ |

**বিঃ দ্রঃ** তথ্য বিবরণীর ক্ষেত্রে একাধিক পৃষ্ঠার প্রয়োজন হইলে প্রতি পৃষ্ঠায় ৬নং ক্রমিকে উল্লিখিত ব্যক্তির স্বাক্ষর থাকিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ আইয়ুব মিয়া**
অতিরিক্ত সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।